(৩) কোন সরকারী কর্মচারী বাংলাদেশে অথবা অন্যত্র কোন আইন সভার নির্বাচনে অংশ গ্রহণ করিতে বা নির্বাচন প্রচারণায় অংশগ্রহণ করিতে অথবা যে কোনভাবে হস্তক্ষেপ করিতে বা প্রভাব খাটাইতে পারিবেন না; তবে বিধান থাকে যে, সরকারী কর্মচারী উক্ত নির্বাচনে ভোট প্রদানের যোগ্য হইলে তিনি তাঁহার ভোটের গোপনীয়তা ভংগ না করিয়া ভোট প্রদানের ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

(৪) বিলুপ্ত। (এস আর ও নং ৩৬৮-আইন/২০০২/সম(বিধি-৪)/শৃংখাঃ-১/২০০২, তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০০২ দ্বারা উপবিধিটি বিলুপ্ত করা হয়।)

(৫) কোন সরকারী কর্মচারী ভোটারদের উদ্দেশ্যে কোন বক্তৃতা দেন অথবা অন্য কোন প্রকার আইন সভার নির্বাচনে নিজেকে প্রার্থী হিসাবে বা সম্ভাব্য প্রার্থী হিসাবে জনসম্মুখে কোন ঘোষণা বা ঘোষণা করার অনুমতি প্রদান করেন, তবে তিনি উপবিধি (৩) এর মর্ম মতে উক্ত আইন সভার নির্বাচনে অংশগ্রহণ করিয়াছেন বলিয়া বিবেচিত হইবেন।

(৬) স্থানীয় সংস্থা বা পরিষদের নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য একজন সরকারী কর্মচারীর ক্ষেত্রে, কোন আইনের দ্বারা বা আওতায় বা সরকারের কোন আদেশে অনুমতি নেওয়া সাপেক্ষে, ঐ সংস্থা বা পরিষদসমূহের নির্বাচনের ক্ষেত্রে (৩) ও (৫) নং উপবিধিতে উল্লেখিত বিধানসমূহ যতটুকু প্রয়োগযোগ্য ততটুকু প্রযোজ্য হইবে।

(৭) কোন আন্দোলন বা কার্যকলাপ এই বিধির আওতায় পড়ে কিনা, সেই সম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন হইলে, এই ব্যাপারে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৬। সাম্প্রদায়িক ধর্মমত ইত্যাদি প্রচার। কোন সরকারী কর্মচারী কোন সাম্প্রদায়িক ধর্মমত প্রচার করিতে বা সাম্প্রদায়িক বিতর্কিত বিষয়ে অংশ গ্রহণ করিতে বা সাম্প্রদায়িক পক্ষপাতিত্ব এবং স্বজনপ্রীতিক প্রশ্রয় দিতে পারিবেন না- যাহা তাঁহার কর্তব্য পালনে ন্যায়পরায়নতার বিঘ্ন ঘাঁইতে পারে বা প্রশাসনকে বিব্রতশর পরিস্থিতিতে ফেলিতে পারে বা বিশেষ কোন সরকারী কর্মচারীদের বা সাধারণজনগণের মধ্যে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাবের সৃষ্টি করিতে পারে।

২৭। স্বজন প্রীতি, প্রিয়তোষণ ও বেআইনীভাবে ক্ষতিগ্রস্তশরণ, ইত্যাদি। - কোন সরকারী কর্মচারী সংকীর্ণতা, প্রিয়তোষণ, বেআইনীভাবে ক্ষতিগ্রস্তশরণ এবং ইচ্ছাকৃতভাবে ক্ষমতার অপব্যবহার করিতে পারিবেন না।

টীকাঃ এই বিধিতে সংকীর্ণতা, প্রিয়তোষণ, বেআইনীভাবে ক্ষতিগ্রস্তশরণ এবং ইচ্ছাকৃতভাবে ক্ষমতার অপব্যবহার এই শব্দ কয়টি ব্যবহার করা হইলেও বিধিমালায় ইহাদের কোন সংজ্ঞা দেওয়া নাই। যাহার কারণে এনসব শব্দসমূহ যে সাধারণ অর্থ বহন করে এইখানেও তাহাই বুঝাইবে।

২৭ এ। মহিলা সহকর্মীদের প্রতি আচরণ। - কোন সরকারী কর্মচারী মহিলা সহকর্মীদের প্রতি কোন প্রকারে এমন কোন ভাষা ব্যবহার বা আচরণ করিতে পারিবেন না যাহা অনুচিত, এবং অফিসিয়াল শিষ্টাচার ও মহিলা সহকর্মীদের মর্যাদার হানি ঘাঁয় (এস আর ও নং ৩৬৮-আইন/২০০২/সম(বিধি-৪)/শৃংখাঃ-১/২০০২, তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০০২ দ্বারা বিধিটি সংযোজন করা হয়)।

২৭ বি। স্বার্থের দ্বন্দ্ব। - (১) যখন কোন সরকারী কর্মচারী নিজ দায়িত্ব পালনকালে দেখিতে পান যে-

(এ) কোন কোম্পানী বা ফার্ম বা অন্য কোন ব্যক্তির সহিত কোন চুক্তি সম্পর্কিত যে কোন বিষয়ে তাঁহার পরিবারের কোন সদস্য বা কোন নিকটাত্মীয়ের স্বার্থ রহিয়াছে এমন যে কোন বিষয় তাঁহার বিবেচনাধীন আছে;

(বি) উক্ত কোম্পানী, ফার্ম বা ব্যক্তির অধীনে তাঁহার পরিবারের কোন সদস্য বা কোন নিকটাত্মীয় কর্মরত আছেন; তাহা হইলে উক্ত বিষয়টি তিনি নিজে বিবেচনা না করিয়া উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করিবেন।

ব্যাখ্যাঃ এই বিধির উদ্দেশ্যে পরিবার ও নিকটাত্মীয় এর অন্তর্ভুক্ত হইবে-স্ত্রী, স্বামী, পিতামাতা, পুত্র, কন্যা, ভাই, বোন এবং সংশ্লিষ্ট সরকারী কর্মচারীর উপর সম্পূর্ণ নির্ভরশীল কোন ব্যক্তি।

(২) কোন সরকারী কর্মচারীর স্বামী/স্ত্রী যদি কোন রাজনৈতিক দলের সদস্য হন বা কোন প্রকারে কোন রাজনৈতিক কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত হন, তাহা হইলে সংশ্লিষ্ট সরকারী কর্মচারী তাৎক্ষণিকভাবে লিখিতভাবে সে সম্পর্কে সরকারের নিকট রিপোর্ট করিবেন (এস আর ও নং ৩৬৮-আইন/২০০২/সম(বিধি-৪)/শৃংখাঃ-১/২০০২, তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০০২ দ্বারা বিধিটি সংযোজন করা হয়)।

২৮। সরকারী কর্মচারীদের সরকারী কার্যকলাপ ও আচরণের প্রতি সমর্থন। - (১) কোন সরকারী কর্মচারী সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে তাঁহার সরকারী কার্যকলাপ ও আচরণের জন্য অবমাননাকর আক্রমণের বিরুদ্ধে সমর্থন

লাভের জন্য কোন আদালতের বা সংবাদ মাধ্যমের আশ্রয় গৃহণ করতে পারিবেন না। অনুমোদন প্রদানের ক্ষেত্রে সাধারণ ভাবে সরকার মামলার ব্যয়ভার বহন করিবেন। অন্যান্য ক্ষেত্রে সরকারী কর্মচারীকে নিজ খরচে মামলা দায়ের করার অনুমতি দিবেন এবং এনরুপ ক্ষেত্রে মামলার সিদ্ধান্ত যদি সংশ্লিষ্ট কর্মচারীর স্বপক্ষে যায়, তাহা হইলে সরকার সংশ্লিষ্ট কর্মচারীর মামলার খরচের সম্পূর্ণ বা আংশিক পরিশোধ করতে পারেন।

ব্যাখ্যাঃ- এই উপবিধিতে বর্ণিত সরকারী কর্মচারীগণকে আদালতের বা সংবাদ মাধ্যমের আশ্রয় গ্রহণের অনুমোদন দানের ক্ষমতা ক্ষেত্র বিশেষে সরকারের প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিবগণ এবং বিভাগীয় কমিশনারগণ পয়োগ করতে পারিবেন।

(২) একজন সরকারী কর্মচারীর ব্যক্তিগত কার্যকলাপ বা আচরণের জন্য আইনের আশ্রয় গ্রহণের অধিকার এই বিধির কিছুই সীমিত বা অন্যভাবে স্কুল করিবে না।

২৯। চাকরিজীবী সমিতির সদস্যপদ। - সরকারী কর্মচারীদের বা যে কোন শ্রেণীর সরকারী কর্মচারীদের প্রতিনিধিত্বশীল বা প্রতিনিধিত্বশীল বলিয়া ধারণাকৃত কোন সমিতি নিম্নোক্ত শর্তসমূহ অর্পণ না করিলে কোন সরকারী কর্মচারী উক্ত সমিতির সদস্য, প্রতিনিধি বা কর্মকর্তা হইতে পারিবেন না। শর্তসমূহ হইতেছে, যথা-

(এ) সমিতির সদস্যপদ এবং কার্য নির্বাহী পদসমূহ কোন এশটি নির্দিষ্ট শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে সীমাবদ্ধ থাকিবে এবং উক্ত নির্দিষ্ট

শ্রেণীর সকল কর্মচারীদের জন্য উহা উন্মুক্ত থাকিবে।

(বি) যে সমিতি বা সমিতি সমূহের ফেডারেশন (এ) উপবিধির শর্ত পূরণ না করিবে, উহার সংগে এই সমিতি কোনভাবেই সম্পর্কযুক্ত হইতে

পারিবেনা বা উহার অন্তর্ভুক্ত হইতে পারিবেনা।

(সি) এই সমিতি কোনভাবেই কোন রাজনৈতিক দল বা সংগঠনের সহিত জড়িত হইতে পারিবেনা বা কোন রাজনৈতিক কর্মকাণ্ডে অংশ গৃহণ

করিতে পারিবেননা।

(ডি) এই সমিতি-

সরকারের সাধারণ বা বিশেষ আদেশ ব্যতীত কোন সাময়িকীর প্রকাশনা বা পরিচালনা করিতে পারিবেনা;

সরকারের পূর্বনুমোদন ব্যতিরেকে সমিতির সদস্যদের পক্ষে কোন নিবেদনমূলক বক্তব্য কোন সংবাদ মাধ্যমে বা অন্যত্র প্রকাশ করিতে পারিবেনা।

(ই) এই সমিতি বাংলাদেশে অথবা অন্যত্র আইন সভার বা স্থানীয় সংস্থা বা কর্তৃপক্ষের কোন নির্বাচনে-

প্রার্থী হিসাবে নির্বাচনের কোন ব্যয়ভার বহন বা প্রদান করিতে পারিবে না;

কোনভাবেই এনরুপ নির্বাচনে কোন প্রার্থীকে সমর্থন করিতে পারিবে না;

ভোটার তালিকাভুক্তির ব্যাপারে অথবা প্রার্থী মনোনয়নে কোন সাহায্য করিতে বা উক্ত ব্যাপারে দায়িত্ব গ্রহণ করিতে পারিবে না।

(এফ) এই সমিতি-

বাংলাদেশে বা অন্যত্র কোন আইন সভার বা স্থানীয় সংস্থা বা কর্তৃপক্ষের কোন সদস্যদের ব্যয় নির্বাহ করিতে বা ব্যয় নির্বাহের জন্য চাঁদা প্রদান করিতে পারিবে না।

শিল্প সম্পর্কিত অধ্যাদেশ, ১৯৬৯ (১৯৬৯ সনের ২৩ নং অধ্যাদেশ) এর আওতায় নিবন্ধনকৃত কোন ট্রেড ইউনিয়নের ব্যয় নির্বাহের জন্য কোন অর্থ বা চাঁদা প্রদান করিতে পারিবে না।

৩০। রাজনৈতিক বা অন্যরূপ প্রভাব খাটানো।- কোন সরকারী কর্মচারী তাঁহার চাকরি সংক্রান্ত কোন দাবীর সমর্থনে প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে সরকার বা কোন সরকারী কর্মচারীর উপর রাজনৈতিক বা অন্য কোন বহিঃপ্রভাব খাটাইতে বা খাটাইবার চেষ্টা করিতে পারিবেন না।

৩০ এ। সরকারী সিদ্ধান্ত, আদেশ ইত্যাদি।- কোন সরকারী কর্মচারী-

(এ) সরকারের বা কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত বা আদেশ পালনে জনসম্মুখে আপত্তি উত্থাপন করিতে বা যে কোন প্রকারে বাধা প্রদান করিতে

পারিবেন না, অথবা অন্য কোন ব্যক্তিকে তাহা করার জন্য উত্তেজিত বা প্ররোচিত করিতে পারিবেন না।

(বি) সরকারের বা কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত বা আদেশ সম্পর্কে জনসম্মুখে কোন অসন্তোষ্টি বা বিরক্তি প্রকাশ অথবা অন্যকে তাহা করার জন্য প্ররোচিত করিতে অথবা কোন আন্দোলনে অংশ গ্ৰহণ করিতে বা অন্যকে অংশগ্রহণ করার জন্য প্ররোচিত করিতে পারিবেন না।

(সি) সরকার বা কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত বা আদেশ পরিবর্তন, কিছুটা সংশোধন, সংশোধন বা বাতিলের জন্য অনুচিত প্রভাব বা চাপ প্রয়োগ করিতে পারিবেন না।

(ডি) সরকারী কর্মচারীদের মধ্যে বা কোন শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে অসন্তোষ্টি, ভুল বুঝাবুঝি বা বিদ্বেষের সৃষ্টি করিতে বা সৃষ্টির জন্য অন্যকে প্ররোচিত করিতে বা সৃষ্টির উদ্যোগ গ্ৰহণ করিতে পারিবেন না।

(এস আর ও নং ৩৬৮-আইন/২০০২/সম(বিধি-৪)/ শৃংআঃ-১/২০০২, তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০০২ দ্বারা বিধিটি সংযোজন করা হয়)।

৩১। বিদেশী মিশন ও সাহায্য সংস্থার নিকট তদবির।- কোন সরকারী কর্মচারী নিজের জন্য বিদেশ ভ্রমণের আমন্ত্রণ সংগ্রহ অথবা বিদেশে প্রশিক্ষণের সুবিধা লাভের জন্য দেশে অবস্থিত কোন বিদেশী মিশন বা সাহায্য সংস্থার নিকট প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন তদবির করিতে পারিবেন না।

৩২। বিধি লংঘনের শাস্তি।- এই বিধিমালার যে কোন বিধান লংঘন সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় অসদাচরণ বলিয়া গণ্য হইবে এবং কোন সরকারী কর্মচারী এই বিধিমালার কোন বিধান লংঘন করিলে তিনি উক্ত শৃংখলা ও আপীল বিধিমালার আওতায় শৃংখলা মূলক শাস্তির জন্য অভিযুক্ত হইবেন (এস আর ও নং ৩৬৮-আইন/২০০২/সম(বিধি-৪)/শৃংআঃ-১/২০০২, তারিখঃ ২৯ ডিসেম্বর, ২০০২ দ্বারা বিধিটি সংযোজন করা হয়)।

৩৩। ক্ষমতা হস্তান্তর।- সরকার সাধারণ বা বিশেষ আদেশের দ্বারা এই বিধিমালার আওতাধীন ক্ষমতা যে কোন কর্মকর্তার বা অধীনস্থ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করিতে পারিবেন এবং উক্তরূপ আদেশের দ্বারা প্রতিবেদন দাখিলের মাধ্যমে এবং কোন কর্মকর্তার নিকট প্রতিবেদন দাখিল করা হইলে তাহা সরকারের নিকট দাখিল করা হইয়াছে বলিয়া গণ্য হইবে, তাহা নির্ধারণ করিবেন।

৩৪। এই বিধিমালা অন্য কোন আইনের বিধানকে লঘু করিবে না।- এই বিধিমালার কোন কিছুই সরকারী কর্মচারীর আচরণ সংক্রান্ত বলবৎ কোন আইনের কোন বিধান বা যথাযথ কর্তৃপক্ষের কোন আদেশের প্রয়োগকে হ্রাস করিবে না।

Lesson Plan

Lesson	: 4	Ref.No. 1.1.4
Title	: The Government Servants (Discipline and Appeal) Rules,2018	
Target population	: Officers (Grade 9 and above) of different organizations under MoA.	
Time	: 1 hour/60 minute	
Aims	: To teach the participants about ‘The Government servants discipline and appeal rules,1985’ and so that the participants may aware about the rules and can apply the rules in appropriate situation.	
Learning outcomes	: After completion of the session the participants will be able to: <ul style="list-style-type: none"> • name the discipline and appeal rules and dismissal on conviction ordinance; • illustrate the applicability of the rules; • list the penalties and discuss ground of penalties; • describe the investigation procedure for major and minor penalty and subversive activities; and • explain appeal and review procedure. 	

Content	Methods/ Techniques	Aids/ Resources	Time (Minute)
Introduction <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning/experience • Pre-assessment: (Q+A) • Topic: Discipline and Appeal Rules and • Importance: Smooth functioning of Office/ Ensure proper administration and management. • Outline of content 	Lecture and Discussion/ Q+A		6
Development <ul style="list-style-type: none"> • Description of Rules and Ordinance • Application of Rules and Ordinance • Penalty and ground of penalties • Investigation procedure of major penalty • Investigation procedure of minor penalty • Investigation procedure of subversive activities • Appeal and review procedure • Motivation (Energize the group) • Check attention (wrong statement) • Feedback (Q+A) 	Lecture and Discussion/ Experience sharing/ Q+A		45
Conclusion <ul style="list-style-type: none"> • Assessment of Los • Summarize by using key words • Motivation (application of learning) • References • Forward Planning 	Lecture and Discussion, Q+A		9
Equipments and Aids: Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the classroom			
Behaviour/Performance	Condition	Criteria	

সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮

১। বিধি-১ঃ সংক্ষিপ্ত শিরোনাম ও প্রারম্ভ এবং প্রযোজ্যতা

বিধি-১(১)ঃ শিরোনাম (Short Title):

এই বিধিমালা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

বিধি-১(২)ঃ প্রযোজ্যতা (Applicability)

এই বিধিমালা নিম্নবর্ণিত ব্যক্তি বা কর্মচারী ব্যতীত অন্যান্য সকল সরকারি কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা :

- (ক) রেলওয়ে সংস্থাপন কোড প্রযোজ্য হয় এমন ব্যক্তি;
- (খ) মেট্রোপলিটান পুলিশের অধস্তন কর্মচারী;
- (গ) পুলিশ পরিদর্শকের নিম্ন পদমর্যাদার পুলিশ বাহিনীর অন্য কোনো সদস্য;
- (ঘ) বর্ডার গার্ড বাংলাদেশ এর অধস্তন কর্মকর্তা, রাইফেলম্যান ও সিগন্যালম্যান;
- (ঙ) জেলার এর নিম্ন পদমর্যাদার বাংলাদেশ জেলের অধস্তন কর্মচারী;
- (চ) সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্টকৃত কোনো চাকুরী বা পদে অধিষ্ঠিত ব্যক্তিগণ; এবং
- (ছ) এমন কোন ব্যক্তি যাহার চাকুরীর শর্তাবলি, বেতন, ভাতাদি, পেনশন, শৃঙ্খলা ও আচরণ বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে চুক্তির মাধ্যমে বিশেষ বিধান করা হইয়াছে।

২। সংজ্ঞা: এই বিধিমালায়, বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে,

- (ক) “অভিযুক্ত” অর্থ এইরূপ কোনো সরকারি কর্মচারী যাহার বিরুদ্ধে এই বিধিমালার অধীন কোনো কার্যক্রম গ্রহণ করা হইয়াছে;
- (খ) “অসদাচরণ” অর্থ অসংগত আচরণ বা চাকুরী শৃঙ্খলার জন্য হানিকর আচরণ, অথবা সরকারি কর্মচারীদের আচরণ সংক্রান্ত বিদ্যমান বিধিমালার কোনো বিধানের পরিপন্থি কোনো কার্য, অথবা কোনো সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত কোনো আচরণ, এবং নিম্নবর্ণিত আচরণসমূহও ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা :
 - (অ) উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্যকরণ;
 - (আ) কর্তব্যে অবহেলা প্রদর্শন;
 - (ই) আইনসংগত কারণ ব্যতিরেকে সরকারের কোনো আদেশ, পরিপত্র এবং নির্দেশ অবজ্ঞাকরণ;
 - (ঈ) কোনো কর্তৃপক্ষের নিকট কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে অসংগত, ভিত্তিহীন, হয়রানিমূলক, মিথ্যা অথবা তুচ্ছ অভিযোগ সংবলিত দরখাস্ত দাখিল; অথবা
 - (উ) অন্য কোনো আইন বা বিধি-বিধানে যে সমস্ত কার্য অসদাচরণ হিসাবে গণ্য হইবে মর্মে উল্লেখ আছে এইরূপ কোনো কার্য।
- (গ) “কর্তৃপক্ষ” অর্থ নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা, সরকার কর্তৃক, সময় সময়, জারিকৃত সাধারণ বা বিশেষ নির্দেশনা সাপেক্ষে, এই বিধিমালার অধীন কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের জন্য নিয়োজিত বা মনোনীত কোনো কর্মকর্তা, এবং কর্তৃপক্ষের ক্রমধারায় নিয়োগকারী কর্তৃপক্ষের উর্ধ্বতন কোনো কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (ঙ) “দণ্ড” অর্থ এই বিধিমালার অধীন আরোপযোগ্য কোনো দণ্ড;
- (চ) “পলায়ন (ফবংব অর্থ বিনা অনুমতিতে চাকুরি ত্যাগ করা অথবা ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় বিনা অনুমতিতে কর্ম হইতে অনুপস্থিত থাকা অথবা কর্ম হইতে অনুমোদিত অনুপস্থিতির ধারাবাহিকতায় অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় পুনঃঅনুমতি গ্রহণ ব্যতিরেকে অনুপস্থিত থাকা অথবা বিনা অনুমতিতে দেশ ত্যাগ এবং ৩০ (ত্রিশ) দিন বা তদূর্ধ্ব সময় বিদেশে অবস্থান করা অথবা অনুমতিসহ দেশ ত্যাগ করিবার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করা; এবং
- (ছ) “সরকারি কর্মচারী” অর্থ প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোনো ব্যক্তি, এবং বৈদেশিক চাকুরিতে নিয়োজিত অথবা কোনো স্থানীয় কর্তৃপক্ষ বা অন্য কোনো কর্তৃপক্ষ বা কোনো বিদেশি সরকার বা সংস্থায় অস্থায়ী ভিত্তিতে ন্যস্তকৃত কোন ব্যক্তি।

(চ) নাশকতামূলক কার্যকলাপের জন্য নিম্নপদ বা নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ ব্যতীত যে কোনো দণ্ড।

(৬) কোনো সরকারি কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোনো কর্তৃপক্ষ এই বিধিমালার অধীন কোনো গুরুদণ্ড আরোপ করিতে পারিবে না।

(৭) উপ-বিধি (৩) এর দফা (গ) ও (ঘ) এর অধীন “চাকুরী হইতে অপসারণ” ও “চাকুরী হইতে বরখাস্তকরণ” অভিব্যক্তি অর্থে এইরূপ কোন ব্যক্তির চাকুরী হইতে অব্যাহতি অন্তর্ভুক্ত হইবে না যিনি

(ক) শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়া তাহার মেয়াদ চলাকালে বা তাহার প্রতি প্রযোজ্য শিক্ষানবিশকাল; অথবা

(খ) চুক্তি ব্যতীত অন্য যে কোনো উপায়ে কোন অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগ ধরিয়া রাখিবার জন্য, সেই নিযুক্তিকাল শেষ হইলে; অথবা

(গ) কোন চুক্তির অধীনে নিযুক্ত হইলে সেই চুক্তির শর্ত মোতাবেক।

৫। নাশকতামূলক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।

(১) কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে বিধি ৩ এর দফা (ঙ) তে উল্লিখিত কার্যকলাপের জন্য কার্যধারা সূচনা করিবার ক্ষেত্রে, কর্তৃপক্ষ (ক) সংশ্লিষ্ট সরকারি কর্মচারীকে, লিখিত আদেশ দ্বারা, উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে প্রাপ্যতা অনুযায়ী ছুটিতে যাইবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে; (খ) তাহার বিরুদ্ধে যে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করিবে, সেই ব্যবস্থার ভিত্তি সম্পর্কে তাহাকে লিখিতভাবে অবহিত করিবে; এবং (গ) অভিযোগ তদন্তের জন্য উপ-বিধি (২) এর অধীন অভিযোগ তদন্তের জন্য গঠিত তদন্ত কমিটির নিকট তাহার বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারণ দর্শাইবার জন্য তাহাকে যুক্তিসংগত সুযোগ প্রদান করিবে : তবে, শর্ত থাকে যে, যে ক্ষেত্রে রাষ্ট্রপতি মনে করিবেন যে, বাংলাদেশের নিরাপত্তার স্বার্থে এইরূপ সুযোগ প্রদান করা সমীচীন নহে, সেইক্ষেত্রে তাহাকে এইরূপ সুযোগ প্রদান করা হইবে না।

(২) যে ক্ষেত্রে উপ-বিধি (১) এর দফা (গ) অনুসারে তদন্ত কমিটি গঠন করা প্রয়োজন হয়, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযুক্ত সরকারি কর্মচারীর পদমর্যাদার নিম্নে নহেন এমন ৩ (তিন) জন গেজেটেড কর্মচারী সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তদন্তে প্রাপ্ত তথ্যাদি প্রতিবেদন আকারে পেশ করিবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত তথ্যাদির ভিত্তিতে যেইরূপ উপযুক্ত বলিয়া মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৬। লঘুদণ্ড আরোপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।— (১) যখন কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে বিধি ৩ এর দফা (ক) বা (খ) বা (গ) তে বর্ণিত কারণে কার্যধারা সূচক করিবার প্রয়োজন হয় এবং কর্তৃপক্ষ কিংবা, যে ক্ষেত্রে রাষ্ট্রপতি নিজেই কর্তৃপক্ষ, সেইক্ষেত্রে উক্ত সরকারি কর্মচারী যে প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগের অধীন সেই মন্ত্রণালয় বা বিভাগের সচিব অথবা যে কর্মকর্তাকে কর্তৃপক্ষ কিংবা প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগের সচিব, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, এতদুদ্দেশ্যে যাহাকে কর্তৃপক্ষ হিসেবে নির্ধারণ করিয়াছেন, তিনি যদি অভিমত পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্তের তিরস্কার দণ্ড অপেক্ষা কঠোরতর কোনো দণ্ড প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগের সচিব অথবা সংশ্লিষ্ট কর্মচারী—

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তাহাকে লিখিতভাবে অবহিত করিবে এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তাহার আচরণের কৈফিয়ত প্রদানের জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করেন কিনা, তাহাও জানাইবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে : তবে শর্ত থাকে যে, উক্ত নির্ধারিত সময়সীমা শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি সময় বৃদ্ধির আবেদন করিলে কর্তৃপক্ষ অথবা, ক্ষেত্রমত, প্রশাসনিক মন্ত্রণালয় বা বিভাগের সচিব অথবা সংশ্লিষ্ট কর্মচারী তাহাকে বক্তব্য দাখিল করিবার সুযোগ প্রদানের জন্য অতিরিক্ত ৭ (সাত) কার্যদিবস পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে; এবং

(খ) অভিযুক্ত ব্যক্তি দফা (ক) এর অধীন নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে পেশকৃত কৈফিয়ত, যদি থাকে, বিবেচনা করিবেন এবং তিনি যদি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করিয়া থাকেন, তাহা হইলে ব্যক্তিগত শুনানি গ্রহণ করিবেন, অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ত পেশ না করিয়া থাকেন, তাহা হইলে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লঘুদণ্ড প্রদান করিতে পারিবে : তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ, সচিব বা সংশ্লিষ্ট কর্মচারী, যে ক্ষেত্রে যিনি হন, যুক্তিযুক্ত মনে করিলে অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অভিযুক্তের পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন কর্মচারীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবে।

(২) তদন্তকারী কর্মকর্তার নিকট হইতে তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর, কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, সচিব অথবা সংশ্লিষ্ট কর্মচারী আদেশের পক্ষে যুক্তি ও প্রমাণ উল্লেখ করিয়া চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণক্রমে উহা অভিযুক্ত ব্যক্তিকে অবহিত করিবে অথবা প্রয়োজন অনুযায়ী পুনঃতদন্ত বা অধিকতর তদন্তের জন্য আদেশ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন তদন্তের আদেশ দেওয়া হইলে, কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, সচিব অথবা সংশ্লিষ্ট কর্মচারী চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৪) যখন কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে বিধি ৩ এর দফা (ক) বা (খ) বা (গ) অধীন কোনো কার্যধারা সূচনা করা হয় এবং উপ-বিধি (১) এ বর্ণিত কর্তৃপক্ষ, সচিব অথবা সংশ্লিষ্ট কর্মচারী যদি এইরূপ অভিমত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে অভিযুক্তকে তিরস্কার দণ্ড প্রদান করা যাইতে পারে, তাহা হইলে, কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত, সচিব অথবা সংশ্লিষ্ট কর্মচারী অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণপূর্বক কারণ লিপিবদ্ধ করিয়া তিরস্কার দণ্ড আরোপ করিতে পারিবে অথবা অভিযুক্ত ব্যক্তিগত শুনানির জন্য হাজির হইতে বার্তা হইলে বা উপস্থিত হইতে অস্বীকৃতি জ্ঞাপন করিলে শুনানি ব্যতিরেকেই উক্ত তিরস্কার দণ্ড আরোপ করা যাইবে অথবা উপ-বিধি (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া তাহার উপর যে কোন দণ্ড আরোপ করা যাইবে।

(৫) উপ-বিধি (৪) এ উল্লিখিত ক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার দণ্ড অপেক্ষা কঠোরতর দণ্ড আরোপ করিতে হইবে।

(৬) যদি অভিযুক্ত ব্যক্তি দাবি করেন যে, তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ লিখিতভাবে জানাইতে হইবে, তাহা হইলে উপ-বিধি (১) হইতে (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে এবং এইক্ষেত্রে অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার দণ্ড অপেক্ষা কঠোরতর দণ্ড আরোপ করিতে হইবে।

৭। গুরুদণ্ড আরোপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি।—

(১) যে ক্ষেত্রে বিধি ৩ এর দফা (ক) বা (খ) বা (গ) বা (ঘ) এর অধীন কোনো কার্যধারা সূচনা করা হয় এবং কর্তৃপক্ষ যদি মনে করে যে, অভিযোগ প্রমাণিত হইলে কোনো গুরুদণ্ড আরোপ করা প্রয়োজন হইতে পারে, যে ক্ষেত্রে কর্তৃপক্ষ—
(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে ও উহাতে প্রস্তাবিত দণ্ডের বিষয় উল্লেখ করিবে, এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে, উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানকালে অন্য যে সকল পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করিবার ইচ্ছা পোষণ করেন উহাসহ অভিযোগনামাটি উক্ত কর্মচারীকে অবহিত করিবে;

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য দাখিল করিতে বলিবেন এবং সেই সঙ্গে প্রস্তাবিত দণ্ড কেন তাহার উপর আরোপ করা হইবে না উহার কারণ দর্শাইতে বলিবে এবং তিনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষণ করেন কিনা তাহাও উল্লেখ করিবে : তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়সীমা শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি সময় বৃদ্ধির আবেদন করিলে কর্তৃপক্ষ তাহাকে বক্তব্য দাখিল করিবার সুযোগ প্রদানের জন্য অতিরিক্ত ১০ কার্যদিবস পর্যন্ত সময় বর্ধিত করিতে পারিবে।

(২) যে ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য দাখিল করিলে এবং যদি তিনি ব্যক্তিগত শুনানি পাইবার ইচ্ছা পোষণ করেন, তাহা হইলে ব্যক্তিগতভাবে শুনানির পর কর্তৃপক্ষ অভিযোগের সহিত সংশ্লিষ্ট সকল বিষয়সহ দাখিলকৃত বক্তব্য বিবেচনা করিবে, এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি মনে করেন যে,—
(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার মতো উপযুক্ত ভিত্তি নাই, তাহা হইলে, অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদনুসারে উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে;

(খ) অভিযুক্ত ব্যক্তি শর্তহীনভাবে সকল অভিযোগ স্বীকার করেন এবং কর্তৃপক্ষ যদি মনে করেন যে, অভিযোগের গুরুত্ব বিবেচনায় লঘুদণ্ড আরোপযোগ্য হইবে, তাহা হইলে, যে কোনো লঘুদণ্ড আরোপ করিবে, তবে গুরুদণ্ড আরোপযোগ্য হইবে বলিয়া ধারণা করা হইলে কর্তৃপক্ষ দফা (ঘ) অনুযায়ী তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিয়োগ করিবে;

(গ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে কার্যধারাটি অগ্রসর হইবার মতো পর্যাপ্ত ভিত্তি রহিয়াছে, কিন্তু অভিযোগ প্রমাণিত হইলে লঘুদণ্ড আরোপযোগ্য হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে, ব্যক্তিগতভাবে শুনানির সুযোগ প্রদান করিয়া যে কোনো লঘুদণ্ড প্রদান করিতে পারিবে, অথবা লঘুদণ্ড আরোপের উদ্দেশ্যে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া বিধি ৬ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে পারিবে;

(ঘ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে কার্যধারাটি অগ্রসর হইবার মতো পর্যাপ্ত ভিত্তি রহিয়াছে এবং অভিযোগ প্রমাণিত হইলে গুরুদণ্ড আরোপযোগ্য হইবে, তাহা হইলে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে, নহেন এইরূপ একজন তদন্ত কর্মকর্তা বা ৩ (তিন) জন কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত বোর্ড গঠন করিবে।

(৩) অভিযুক্ত ব্যক্তি যদি নির্ধারিত বা বর্ধিত সময়ের মধ্যে আত্মপক্ষ সমর্থনে কোনো লিখিত বক্তব্য দাখিল না করেন, তাহা হইলে নির্ধারিত বা বর্ধিত সময় শেষ হইবার তারিখ হইতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কর্তৃপক্ষ অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করিবার জন্য অভিযুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ একজন তদন্ত কর্মকর্তা অথবা ৩ (তিন) জন কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত বোর্ড নিয়োগ করিবে।

(৪) তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে, ক্ষেত্রমত, তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ড তদন্তের কাজ আরম্ভ করিবে এবং বিধি ১১ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবে এবং কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করিবে।

(৫) তদন্ত কর্মকর্তা বা, ক্ষেত্রমত, তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন সম্পর্কে দ্বিমতের কারণে ভিন্ন তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ড নিয়োগ করা যাইবে না : তবে শর্ত থাকে যে, তদন্ত চলাকালে নিম্নবর্ণিত কারণে নূতন তদন্ত কর্মকর্তা নিয়োগ বা তদন্ত বোর্ড পুনর্গঠন করা যাইবে, যথা : (ক) তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ডের কোনো সদস্যের মৃত্যু হইলে; (খ) তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ডের কোনো সদস্য চাকুরী হইতে পদত্যাগ করিলে; (গ) তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ডের কোনো সদস্য চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে; বা (ঘ) তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ডের কোনো সদস্য চাকুরীতে দীর্ঘ অনুপস্থিতির কারণে তদন্ত কার্য সম্পাদনে অসমর্থ বলিয়া প্রতীয়মান হইলে।

(৬) উপ-বিধি (৫) এর বিধান অনুযায়ী নূতন তদন্ত কর্মকর্তা নিয়োগ বা তদন্ত বোর্ড পুনর্গঠন করা হইলে নূতন তদন্ত কর্মকর্তা বা পুনর্গঠিত তদন্ত বোর্ড পূর্বের অসমাপ্ত তদন্তের ধারাবাহিকতায় তদন্তের অসমাপ্ত কাজ সম্পন্ন করিবে।

(৭) তদন্তকারী কর্মকর্তা বা, ক্ষেত্রমত, তদন্ত বোর্ডের প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ উহা বিবেচনা করিয়া অভিযোগের বিষয়ে সঠিক সিদ্ধান্তে উপনীত হইবার জন্য কোনো সুনির্দিষ্ট বিষয়ে পুনঃতদন্তের প্রয়োজনীয়তা মনে করিলে, একই তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত বোর্ডকে সুনির্দিষ্ট বিষয় ও তথ্যসমূহ উল্লেখ করিয়া অভিযোগ পুনঃতদন্তের আদেশ দিতে পারিবে।

(৮) তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন বা পুনঃতদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ উহা বিবেচনা করিবে, অভিযোগ বিষয়ে উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবে এবং উক্ত সিদ্ধান্ত, তদন্ত প্রতিবেদনের কপিসহ, অভিযুক্ত ব্যক্তিকে অবহিত করিবে।

(৯) কর্তৃপক্ষ যদি উপ-বিধি (৮) এর অধীনে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে প্রস্তাবিত দণ্ড কেন অভিযুক্ত ব্যক্তির উপর আরোপ করা হইবে না সে সম্পর্কে অভিযুক্ত ব্যক্তিকে ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার নির্দেশ প্রদান করিবে।

(১০) গুরুদণ্ড প্রদানের জন্য যে সকল ক্ষেত্রে কমিশনের সহিত পরামর্শ করা প্রয়োজন, সেই সকল ক্ষেত্রে কর্তৃপক্ষ, উপ-বিধি (৯) এ বর্ণিত সময় সীমার মধ্যে কোনো কারণ দর্শানো হইলে উহাসহ সূচিত কার্যধারার কাগজপত্র কমিশনের নিকট পরামর্শের জন্য প্রেরণ করিবে।

(১১) বিভাগীয় কার্যধারায় (ক) যে ক্ষেত্রে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন নাই, সেইক্ষেত্রে উপ-বিধি (৯) এ বর্ণিত সময়সীমার মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক কারণ দর্শানো হইলে উহা বিবেচনার পর, এবং (খ) যে ক্ষেত্রে কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন আছে, সেইক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক কোনো কারণ দর্শানো হইলে উহা এবং কমিশন প্রদত্ত পরামর্শ বিবেচনার পর, কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উহা অভিযুক্ত ব্যক্তিকে অবহিত করিবে।

(১২) এই বিধির অধীন তদন্ত কার্যক্রম এবং যে ক্ষেত্রে তদন্ত কর্মকর্তা তদন্ত বোর্ড নিয়োগ করা হয়, সেইক্ষেত্রে তদন্ত কর্মকর্তা বা তদন্ত বোর্ডের প্রতিবেদন এবং প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তি পর্যাপ্ত সাম্প্র্য প্রমাণাদির ভিত্তিতে হইতে হইবে।

৮। নোটিশ জারির পদ্ধতি।

(১) এই বিধিমালার বিধি ৫, ৬ বা ৭ এর অধীন অভিযুক্ত ব্যক্তির বরাবরে নোটিশ জারি করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন নোটিশ জারির ক্ষেত্রে অভিযুক্তের বর্তমান বা স্থায়ী ঠিকানায় দেওয়ানি কার্যবিধি, ১৯০৮ এর আদেশ ৫ এর বিধি ১ হইতে ৩০ অনুসরণক্রমে নোটিশ জারি করা হইলে বা অভিযুক্তের ই-মেইল ঠিকানায় নোটিশ প্রেরণ করা হইলেও উহা যথাযথভাবে জারি হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৯। ব্যতিক্রম।

যে ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি তাহার আচরণের জন্য ফৌজদারি অপরাধে সাজাপ্রাপ্তির কারণে চাকুরী হইতে বরখাস্ত বা চাকুরী হইতে অপসারিত অথবা পদাবনতি হন; অথবা যে ক্ষেত্রে অভিযুক্তকে চাকুরী হইতে বরখাস্ত অথবা চাকুরী হইতে অপসারিত অথবা পদাবনতি করিবার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিযুক্ত ব্যক্তিকে কারণ দর্শাইবার সুযোগ প্রদান যুক্তিযুক্তভাবে বাস্তবসম্মত নহে এবং কর্তৃপক্ষ ইহার স্বপক্ষে কারণ লিপিবদ্ধ করেন, সেইক্ষেত্রে বিধি ৬ এবং ৭ এর বিধানাবলির কোনো কিছুই প্রযোজ্য হইবে না।

১০। শারীরিক বা মানসিক অসমর্থ্যতা সম্পর্কে স্বাস্থ্য পরীক্ষার জন্য আদেশ দানের ক্ষমতা।

(১) যে ক্ষেত্রে মানসিক বা শারীরিক অসমর্থতার কারণে অদক্ষতার জন্য কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা সূচনা করিবার প্রস্তাব করা হয়, সেইক্ষেত্রে কর্তৃপক্ষ উক্ত কার্যধারার যে কোনো পর্যায়ে উক্ত সরকারি কর্মচারীকে মেডিকেল বোর্ড বা সিভিল সার্জন দ্বারা, যে ক্ষেত্রে কর্তৃপক্ষ যেইরূপ নির্দেশ দিবেন, স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্দেশ দিতে পারিবে এবং মেডিকেল বোর্ড বা সিভিল সার্জনের প্রতিবেদন বিভাগীয় কার্যধারার অংশ বলিয়া গণ্য হইবে।

(২) কোনো সরকারি কর্মচারী যদি উক্ত স্বাস্থ্য পরীক্ষায় উপস্থিত হইতে অস্বীকৃতি জ্ঞাপন করেন, তাহা হইলে, উপস্থিত হইবার স্বপক্ষে তাহার প্রদত্ত কোনো ব্যাখ্যা সাপেক্ষে, উক্ত অস্বীকৃতিকে তাহার বিরুদ্ধে এই মর্মে বিবেচনা করা যাইবে যে, অনুরূপ পরীক্ষার ফলাফল তাহার অনুকূলে যাইবে না মর্মে তিনি বিশ্বাস করেন।

১১। তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় পদ্ধতি।

(১) তদন্তকারী কর্মকর্তা একাধারে প্রতিদিন কোনো কার্যধারার গুনানি গ্রহণ করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত গুনানি মূলতবি করিবেন না।

(২) তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পরিচালিত তদন্তে (ক) অভিযুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ অস্বীকার করেন সেই সকল অভিযোগ সম্পর্কে, মৌখিক স্বাক্ষ্য গ্রহণ করা হইবে এবং উভয় পক্ষকে অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ দালিলিক সাক্ষ্য উপস্থাপনের যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে এবং এইরূপ কোন স্বাক্ষ্য উপস্থাপিত হইলে উহা বিবেচনা করিতে হইবে; (খ) অভিযুক্ত ব্যক্তি প্রতিপক্ষের সাক্ষীগণকে জেরা করায়, ব্যক্তিগতভাবে সাক্ষ্য প্রদান করিবার এবং তাহার পক্ষ সমর্থনকারী কোনো ব্যক্তিকে সাক্ষী হিসাবে উপস্থাপন করিবার অধিকারী হইবেন; (গ) অভিযোগের সমর্থনে সূচিত কার্যধারা উপস্থাপনকারী ব্যক্তি অভিযুক্ত ব্যক্তিকে এবং তাহার সাক্ষীগণকে জেরা করিবার অধিকারী হইবেন; এবং (ঘ) অভিযুক্ত ব্যক্তি প্রাসঙ্গিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে নথির টোকার কোনো অংশ দেখিতে দেওয়া হইবে না।

(৩) তদন্তকারী কর্মকর্তা, কারণ লিপিবদ্ধ করিয়া, নির্দিষ্ট কোন সাক্ষীকে তলব করিতে বা সমন দিতে বা স্বাক্ষ্য গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন।

১২। সাময়িক বরখাস্ত।

(১) কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে বিধি ৩ এর অনুচ্ছেদ (খ) বা (গ) বা (ঘ) এর অধীনে কার্যক্রম গ্রহণের প্রস্তাব করা হইলে কর্তৃপক্ষ সমীচীন মনে করিলে উক্ত কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে : তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, উক্ত সরকারি কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করিবার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা আদেশে উল্লিখিত তারিখ হইতে, তাহার ছুটির প্রাপ্যতা সাপেক্ষে তাহাকে ছুটিতে যাইবার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে চাকুরী হইতে বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসর দণ্ডের আদেশ যদি কোনো আদালত বা প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক রহিত বা বাতিল বা অকার্যকর ঘোষিত হয় এবং যদি কর্তৃপক্ষ যে অভিযোগের ভিত্তিতে চাকুরী হইতে বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসরদানের দণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছিলেন, সেই অভিযোগের উপর সূচিত কার্যধারার প্রেক্ষাপট বিচেনাপূর্বক পুনঃতদন্তের সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহা হইলে যে তারিখ হইতে প্রথম চাকুরী হইতে বরখাস্ত, অপসারণ বা বাধ্যতামূলক অবসরের দণ্ড আরোপ করা হইয়াছিল, ঐ তারিখ হইতে সরকারি কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত রহিয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত এই সাময়িক বরখাস্ত অব্যাহত থাকিবে।

১৩। চাকুরী হইতে বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত, অপসারিত অথবা বরখাস্তকৃত সরকারি কর্মচারীগণের ক্ষতিপূরণ অবসরভাতা, আনুতোষিক, ইত্যাদি।

(১) ক্ষতিপূরণ, অবসর ভাতা বা আনুতোষিকের পরিমাণ সম্পর্কে রাষ্ট্রপতির যে কোনো আদেশ সাপেক্ষে, একজন বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী, অতঃপর বর্ণিত বিধানের ক্ষেত্রে ব্যতীত, এইরূপ ক্ষতিপূরণ অবসরভাতা বা আনুতোষিক বা ভবিষ্য তহবিল সুবিধাদি প্রাপ্য হইবেন সেইরূপে, তিনি যদি কোনো বিকল্প উপযুক্ত চাকুরীর ব্যবস্থা ব্যতীত তাহার পদ বিলুপ্তির কারণে চাকুরীচ্যুত হইতেন তাহা হইলে, তাহার চাকুরী বা পদের প্রতি প্রযোজ্য বিধিসমূহের অধীনে অবসর গ্রহণ তারিখে যেইরূপ প্রাপ্য হইতেন : তবে শর্ত থাকে যে, বিধি ১২ এর অধীনে সাময়িক বরখাস্তকালের পর বাধ্যতামূলক অবসর প্রদানের ক্ষেত্রে উক্ত ক্ষতিপূরণ অবসর ভাতা বা আনুতোষিক বা ভবিষ্য তহবিল সুবিধাদি সাময়িক বরখাস্তকাল বাদ দিয়া কেবল চাকুরীকালের জন্য প্রাপ্য হইবেন : আরো শর্ত থাকে যে, যে ক্ষেত্রে কোনো অস্থায়ী সরকারি কর্মচারীকে মানসিক বা শারীরিক অসামর্থ্যের কারণে অদক্ষতা হেতু অবসর প্রদান করা হয়, সেইক্ষেত্রে তিনি বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি ৩২১ এর অধীনে অবসরকালীন সুবিধাদি পাইবেন।

(২) রাষ্ট্রপতি কর্তৃক করণাবশত প্রদত্ত কোনো আদেশ ব্যতীত চাকুরি হইতে অপসারিত বা বরখাস্তকর্তৃক কোনো সরকারি কর্মচারী কোনো ক্ষতিপূরণ, অবসর ভাতা, আনুতোষিক অথবা অংশপ্রদায়ক ভবিষ্য তহবিলে সরকারের চাঁদা হইতে উদ্ধৃত সুবিধাদি পাইবেন না।

১৪। পুনর্বহাল।

(১) বিধি ৫ এর উপ-বিধি (১) এর অনুচ্ছেদ (ক) এর অধীন প্রদত্ত আদেশ অনুযায়ী ছুটিতে প্রেরিত কোনো সরকারি কর্মচারীকে যদি বরখাস্ত, অপসারণ, নিম্নপদে পদাবনমিত বা বাধ্যতামূলক অবসর প্রদান করা না হয়, তাহা হইলে, ক্ষেত্রমত, তাহাকে চাকুরীতে পুনর্বহাল করা হইবে, অথবা তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদ মর্যাদা প্রদান করা হইবে এবং তাহার উক্ত ছুটিকাল পূর্ণ বেতনে কর্তব্যকাল বলিয়া গণ্য হইবে।

(২) সাময়িক বরখাস্তের পর পুনর্বহাল সংক্রান্ত বিষয়াদি বাংলাদেশ সার্ভিস রুলস দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

১৫। স্থানীয় কর্তৃপক্ষ, ইত্যাদিতে ন্যস্ত কর্মকর্তাগণের বিরুদ্ধে তদন্তের পদ্ধতি।

(১) যে সরকারি কর্মচারী প্রতি এই বিধিমালা প্রযোজ্য তাহার চাকুরী স্থানীয় বা অন্য কোনো কর্তৃপক্ষকে, অতঃপর এই বিধিতে হাওলাত গ্রহীতা কর্তৃপক্ষ (নড়ৎৎড়রিহম ধঁংযড়ৎরু) বলিয়া উল্লিখিত, হাওলাত দেওয়া হইলে, এই বিধিমালার অধীন তাহার বিরুদ্ধে কার্যধারা সূচনা করিবার উদ্দেশ্যে কর্তৃপক্ষের ক্ষমতা হাওলাত গ্রহীত কর্তৃপক্ষের থাকিবে : তবে শর্ত থাকে যে, হাওলাত গ্রহীতা কর্তৃপক্ষ উক্ত সরকারি কর্মচারীর চাকুরী হাওলাত প্রদানকারী কর্তৃপক্ষকে (সবহফরহম ধঁংযড়ৎরু), অতঃপর এই বিধিতে হাওলাত প্রদানকারী কর্তৃপক্ষ হিসাবে উল্লিখিত, যে পরিস্থিতিতে কার্যধারা শুরু করা হইয়াছে তাহা অবিলম্বে অবহিত করিবে।

(২) হাওলাত গ্রহীতা কর্তৃপক্ষ হাওলাত হিসাবে গৃহীত কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে কোনো অভিযোগের প্রাথমিক তদন্ত করিয়া বিভাগীয় কার্যক্রম গ্রহণ করিবার মতো পর্যাপ্ত কারণ রহিয়াছে বলিয়া মনে করিলে নিজেরা বিভাগীয় কার্যক্রম গ্রহণ না করিয়া সমুদয় রেকর্ডপত্র ও তথ্য হাওলাত প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এই বিধির অধীনে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করিবার জন্য প্রেরণ করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন সমুদয় রেকর্ডপত্র ও তথ্য প্রাপ্তির পর হাওলাত প্রদানকারী কর্তৃপক্ষ সামগ্রিক বিষয়টি বিবেচনা করিয়া বিভাগীয় কার্যক্রম গ্রহণ করিবার জন্য পর্যাপ্ত কারণ রহিয়াছে বলিয়া মনে করিলে হাওলাত হিসাবে প্রদত্ত সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে এই বিধির অধীনে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করিবে এবং বিধি মোতাবেক বিষয়টি নিষ্পত্তি করিবে।

(৪) উপ-বিধি (১) অনুসারে কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে দায়েরকর্তৃক মামলার তদন্তের ফলাফলের ভিত্তিতে হাওলাত গ্রহীতা কর্তৃপক্ষ মনে করে যে, তাহার উপর দণ্ড আরোপ করা উচিত তাহা হইলে হাওলাত গ্রহীতা কর্তৃপক্ষ হাওলাত প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উক্ত মামলার সমুদয় রেকর্ডপত্র প্রেরণ করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন সমুদয় রেকর্ডপত্র প্রাপ্তির পর হাওলাত প্রদানকারী কর্তৃপক্ষ নিজে দণ্ডদানের উপযুক্ত কর্তৃপক্ষ হইলে সেইরূপ প্রয়োজন মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে অথবা, যদি নিজে কর্তৃপক্ষ না হন, তাহা হইলে মামলাটি দণ্ডদানের যোগ্য কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় আদেশ দানের জন্য উপস্থাপন (হঁংসরঃ) করিবে।

(৬) এই বিধির অধীনে কর্তৃপক্ষ হাওলাত গ্রহীতা কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত তদন্ত রেকর্ডের উপর অথবা তিনি সেইরূপ প্রয়োজন মনে করিবে সেইরূপ অধিকতর তদন্ত অনুষ্ঠানের পর আদেশ প্রদান করিতে পারিবে এবং এইরূপ আদেশ প্রদানের ক্ষেত্রে বিধি ৭ এর উপ-বিধি (৯) ও (১০) এর বিধানসমূহ অনুসরণ করিতে হইবে।

১৬। আদেশের বিরুদ্ধে আপিল।

(১) কোনো সরকারি কর্মচারী এই উদ্দেশ্যে সরকারের সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট, অথবা যে ক্ষেত্রে এইরূপ কোনো কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সেইক্ষেত্রে আদেশদানকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট, অথবা যে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোনো কর্তৃপক্ষ আদেশদান করিয়াছেন, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট, নিম্নবর্ণিত যে কোনো আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করিতে পারিবেন, যথা : (ক) তাহার উপর যে কোনো দণ্ড আরোপের আদেশের বিরুদ্ধে; (খ) চুক্তি ভিত্তিতে নিযুক্ত হইয়া চুক্তির শর্তানুসারে চাকুরীর অবসানের সময় পর্যন্ত একনাগারে ৫ (পাঁচ) বৎসরের অধিককাল চাকুরীতে নিয়োজিত থাকিলে, উক্ত ক্ষেত্রে চাকুরীর অবদান ঘটানোর আদেশের বিরুদ্ধে; (গ) তাহার বেতন, ভাতাদি, পেনশন বা চাকুরীর অন্যান্য শর্তাবলি যাহা চাকুরীর বিধি বা চুক্তি দ্বারা নিয়ন্ত্রিত হয়, তাহার স্বার্থের প্রতিকূলে পরিবর্তন, রদবদল বা অগ্রাহ্য করিবার আদেশের বিরুদ্ধে; অথবা (ঘ) চাকুরীর যে বিধি বা চুক্তি দ্বারা তাহার বেতন, ভাতাদি, পেনশন বা চাকুরীর অন্যান্য শর্তাবলি নিয়ন্ত্রিত হয়, উহার কোনো বিধানে তাহার স্বার্থের প্রতিকূলে ব্যাখ্যা সংবলিত আদেশের বিরুদ্ধে।

১৭। আপিল দায়েরের সময়সীমা।

যে আদেশের বিরুদ্ধে আপিল করা হইবে, উক্ত আদেশ সম্পর্কে আপিলকারী অবহিত হইবার তারিখের ৩ (তিন) মাসের মধ্যে আপিল দায়ের করা না হইলে এই বিধিমালার অধীনে কোনো আপিল গ্রহণ করা হইবে না :

তবে শর্ত থাকে যে, যদি আপিল কর্তৃপক্ষ সন্তুষ্ট হন যে, যথাসময়ে আপিলকারীর আপিল দায়ের করিতে না পারিবার পর্যায় কারণ রহিয়াছে, তাহা হইলে আপিল কর্তৃপক্ষ উপরোল্লিখিত মেয়াদ অতিবাহিত হওয়া সত্ত্বেও পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কোনো আপিল বিবেচনার জন্য গ্রহণ করিতে পারিবে।

১৮। আপিল দায়েরের রীতি ও পদ্ধতি।

(১) এই বিধিমালার অধীন আপিল দায়ের করিতে হইলে প্রত্যেক ব্যক্তিকে পৃথকভাবে এবং স্বীয় নামে আপিল দায়ের করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আপিল কর্তৃপক্ষকে সম্বোধন করিয়া দায়েরকর্তৃ প্রতিটি আপিল আবেদন আপিলকারী কর্তৃক তার স্বপক্ষে গুরুত্বপূর্ণ ও যুক্তি নির্ভর তর্কসমূহ অন্তর্ভুক্তিক্রমে স্বয়ংসম্পূর্ণরূপে দায়ের করিতে হইবে এবং উহাতে কোনো অসম্মানজনক বা অশোভন ভাষা ব্যবহার করা যাইবে না।

(৩) প্রতিটি আপিল আবেদন আপিলকারী যে অফিসে কর্মরত আছেন সেই অফিসের অফিস প্রধানের মাধ্যমে অথবা, তিনি চাকুরীরত না থাকিলে, সর্বশেষ যে অফিসে চাকুরীরত ছিলেন সেই অফিসের অফিস প্রধানের মাধ্যমে এবং যে কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপিল করা হইতেছে, উক্ত কর্তৃপক্ষের মাধ্যমে দায়ের করিতে হইবে : তবে শর্ত থাকে যে, আপিল আবেদনের একটি অগ্রিম কপি আপিল কর্তৃপক্ষের নিকট সরাসরি দাখিল করা যাইবে।

১৯। আপিল স্থগিত (Withheld) বা আটক রাখা

(১) যে আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে, সেই আবেদনকারী কর্তৃপক্ষ উক্ত আপিল স্থগিত রাখিতে পারিবে, যদি উহা

(ক) এইরূপ কোনো আদেশের বিরুদ্ধে দায়ের করা হইয়াছে যাহার জন্য কোনো আপিল দায়ের করা যায় না; অথবা

(খ) বিধি ১৭ তে নির্ধারিত সময়সীমার মধ্যে দায়ের করা না হইয়া থাকে এবং বিলম্বের কোনো কারণ দর্শানো না হইয়া থাকে; অথবা

(গ) বিধি ১৮ এ বর্ণিত যে কোনো বিধান পালন না করা হইয়া থাকে; অথবা

(ঘ) পূর্বের কোনো আপিলের পুনরাবৃত্তি হয় এবং যে আপিল কর্তৃপক্ষ কর্তৃক অনুরূপ আপিলে ইতঃপূর্বে সিদ্ধান্ত প্রদান করা হইয়াছে সেই একই আপিল কর্তৃপক্ষের নিকট দায়ের করা হইয়া থাকে এবং মামলাটি পুনর্বিবেচনার কারণ হিসাবে নূতন কোনো তথ্য বা পরিস্থিতি উদ্ভব হইয়া থাকে : তবে শর্ত থাকে যে, আপিল স্থগিত রাখিবার প্রতিটি ক্ষেত্রে, উক্ত তথ্য এবং স্থগিত রাখিবার কারণ আপিলকারীকে অবহিত করিতে হইবে : তবে আরও শর্ত থাকে যে, কেবল বিধি ১৮ এর বিধানসমূহ পালনে ব্যর্থ হইবার কারণে স্থগিত রাখা আপিল, স্থগিত রাখা সম্পর্কে আপিলকারী অবহিত হইবার তারিখ হইতে এক মাসের মধ্যে যে কোনো সময় পুনরায় দায়ের করিতে পারিবে এবং উক্ত বিধানসমূহ পালনপূর্বক পুনরায় দায়ের করা হইলে আপিল আবেদনটি আটক রাখা যাইবে না।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ যৌক্তিক কোনো কারণে আপিল স্থগিত রাখিলে উহার বিরুদ্ধে আপিল করা যাইবে না।

(৩) এই বিধির অধীনে কোনো কর্তৃপক্ষ কর্তৃক স্থগিত রাখা আপিল আবেদনসমূহের তালিকা, স্থগিত রাখিবার কারণসহ, উক্ত কর্তৃপক্ষ আপিল কর্তৃপক্ষের নিকট প্রতি ৩ (তিন) মাসে একবার করিয়া প্রেরণ করিবে।

২০। আপিল অগ্রায়ন।

(১) যে কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে সেই কর্তৃপক্ষ বিধি ১৯ এর অধীনে স্থগিত রাখা হয় নাই এইরূপ প্রতিটি আপিল মন্তব্য ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রসহ আপিল কর্তৃপক্ষের নিকট অগ্রায়ন করিবে।

(২) আপিল কর্তৃপক্ষ বিধি ১৯ এর অধীনে স্থগিত রাখা যে কোনো আপিল আবেদন তলব করিতে পারিবে এবং উহা করা হইলে উক্ত আপিল উহার স্থগিতকারী কর্তৃপক্ষের মন্তব্য ও সংশ্লিষ্ট রেকর্ডপত্রসহ আপিল কর্তৃপক্ষের নিকট যথারীতি অগ্রায়ন করিতে হইবে।

২১। আপিল নিষ্পত্তি।

(১) কোনো দণ্ড আরোপের আদেশের বিরুদ্ধে আপিলের ক্ষেত্রে, আপিল কর্তৃপক্ষ নিম্ন বর্ণিত বিষয়গুলি বিবেচনা করিবে এবং সেইরূপ আদেশ প্রদান করা উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে (ক) এই বিধিমালায় বর্ণিত নির্ধারিত

পদ্ধতি অনুসৃত্ত হইয়াছে কিনা এবং যদি হইয়া থাকে, তবে অনুসৃত্ত না হওয়ার কারণে ন্যায়বিচার ব্যাহত হইয়াছে কিনা; (খ) অভিযোগের উপর প্রাপ্ত তথ্যাদি যথার্থ কিনা; এবং (গ) আরোপিত দণ্ড মাত্রাতিরিক্ত, পর্যাপ্ত বা অপরিপূর্ণ কিনা।

(২) দণ্ডদেশ ব্যতীত অন্য কোনো আদেশের বিরুদ্ধে আপিলের ক্ষেত্রে, আপিল কর্তৃপক্ষ বিষয়টি সম্পর্কিত তথ্য ও পরিস্থিতি বিবেচনা করিবে এবং যেইরূপ আদেশ প্রদান যথাযথ ও ন্যায়সংগত বলিয়া বিবেচিত হইবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

(৩) যে কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে উক্ত কর্তৃপক্ষ আপিল কর্তৃপক্ষের আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আপিল কর্তৃপক্ষের আদেশ কার্যকর করিবে।

২২। পুনর্বিবেচনা।

(১) রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত কোনো আদেশের দ্বারা কোনো সরকারি কর্মচারী সংক্ষুব্ধ হইলে তিনি আদেশটি পুনর্বিবেচনার জন্য রাষ্ট্রপতির নিকট আবেদন করিতে পারিবেন।

(২) আবেদনকারী যে আদেশের দ্বারা সংক্ষুব্ধ হইয়াছেন, উক্ত আদেশ জ্ঞাত হইবার তারিখ হইতে ৩ (তিন) মাসের মধ্যে পুনর্বিবেচনার আবেদন দাখিল না করিলে কোনো আবেদনপত্র পুনর্বিবেচনার জন্য গ্রহণ করা হইবে না : তবে শর্ত থাকে যে, যদি রাষ্ট্রপতির নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, আবেদনকারী কর্তৃক যথাসময়ে আবেদন দাখিল করিতে না পারিবার পর্যাপ্ত কারণ রহিয়াছে, তাহা হইলে উপরোল্লিখিত মেয়াদ অতিবাহিত সত্ত্বেও পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কোনো আবেদন পুনর্বিবেচনার জন্য গ্রহণ করিতে পারিবে।

(৩) প্রত্যেক ব্যক্তি পুনর্বিবেচনার আবেদন নিজ নামে ও পৃথকভাবে দাখিল করিবেন।

(৪) পুনর্বিবেচনার জন্য প্রত্যেকটি আবেদন যে অফিসে আবেদনকারী কর্মরত আছেন অথবা চাকুরিরত না থাকিবার ক্ষেত্রে সর্বশেষ যে অফিসে কর্মরত ছিলেন, সেই অফিসের অফিস প্রধানের মাধ্যমে রাষ্ট্রপতির নিকট দাখিল করিতে হইবে।

(৫) পুনর্বিবেচনার আবেদনের উপর রাষ্ট্রপতি যেইরূপ আদেশ প্রদান উপযুক্ত মনে করিবেন সেইরূপ আদেশ প্রদান করিবে।

২৩। পুনরীক্ষণ।

রাষ্ট্রপতি, নিজ উদ্যোগে কিংবা অন্যভাবে, সংশ্লিষ্ট মামলার রেকর্ডপত্র তলব করিয়া এই বিধিমালার অধীনে আপিলে প্রদত্ত যে কোনো আদেশ অথবা যাহার বিরুদ্ধে কোনো আপিল করা হয় নাই, এইরূপ আপিলযোগ্য কোনো আদেশ উক্ত আদেশ প্রদানের তারিখ হইতে এক বৎসরের মধ্যে সংশোধন করিতে পারিবেন।

২৪। রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত আদেশ আপিলযোগ্য নয়। এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, রাষ্ট্রপতি কর্তৃক প্রদত্ত কোনো আদেশের বিরুদ্ধে কোনো আপিল দায়ের করা যাইবে না।

২৫। আদালতে বিচারাধীন কার্যধারা।

(১) কোনো সরকারি কর্মচারীর বিরুদ্ধে কোনো আদালতে একই বিষয়ের উপর ফৌজদারি কার্যধারা বা আইনগত কার্যধারা বিচারাধীন থাকিলে, তাহার বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা নিষ্পত্তির ক্ষেত্রে কোনো বাধা থাকিবে না।

(২) **The Public Servants (Dismissal on Conviction) Ordinance, ১৯৮৫ (১৯৮৫ সনের ৫নং অধ্যাদেশ)** এ বর্ণিত অপরাধ ব্যতীত অন্য কোনো অপরাধের দায়ে কোনো সরকারি কর্মচারী আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হইলে তাহাকে এই বিধিমালার অধীনে দণ্ড প্রদান করা হইবে কিনা তৎসম্পর্কে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৩) কর্তৃপক্ষ এই বিধিমালার অধীনে তাহাকে দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে, বিষয়টির পরিস্থিতিতে কর্তৃপক্ষ যেইরূপ বিবেচনা করিবে সেইরূপ দণ্ড আরোপ করিতে পারিবে এবং এইরূপ দণ্ড আরোপের ক্ষেত্রে কোনো কার্যধারা সূচনা করিবার প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দণ্ডের বিরুদ্ধে কারণ দর্শানোর জন্য সরকারি কর্মচারীকে কোনো সুযোগ প্রদানেরও প্রয়োজন হইবে না।

(৪) কর্তৃপক্ষ উক্ত সরকারি কর্মচারীর উপর কোনো দণ্ড আরোপ না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে তাহাকে চাকুরিতে পুনর্বহাল করা বা বহাল রাখিবার জন্য নিয়োগকারী কর্তৃপক্ষের অব্যবহিত উর্ধ্বতন কর্তৃপক্ষের অথবা যে ক্ষেত্রে রাষ্ট্রপতি নিজেই নিয়োগকারী কর্তৃপক্ষ সেইক্ষেত্রে রাষ্ট্রপতির অনুমোদন গ্রহণ করিতে হইবে।

২৬। অন্য কোনো আইনের অধীনে প্রাপ্য অধিকার বা বিশেষ অধিকার ক্ষুণ্ণ না করা। এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোনো ব্যক্তি বিদ্যমান আইন বা এই বিধিমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে উক্ত ব্যক্তি ও সরকারের মধ্যে বিদ্যমান কোনো চুক্তি বা সমঝোতার অধীনে কোনো কিছু প্রাপ্য হইলে তিনি উক্তরূপ অধিকার বা বিশেষ অধিকার হইতে বঞ্চিত হইবেন না।

২৭। আদেশ জারির কার্যকরতা।

(১) এই বিধিমালার অধীনে কোনো আদেশ প্রদান করা হইলে উহা আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

(২) বিধি ২ এ উল্লিখিত পলায়নের কারণে কোন কর্মচারীর বিরুদ্ধে বিধি ৩ ও ৪ এর অধীন কোন দণ্ড আরোপ করা হইলে উহা পলায়নের তারিখ হইতে কার্যকর করা যাইবে।

২৮। রহিতকরণ ও হেফাজত।

The Government Servants (Discipline and Appeal) Rules, 1985, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, রহিত বিধিমালার অধীন (ক) কতৃ কাজকর্ম বা গহীত কোন ব্যবস্থ এই বিধিমালার অধীন কতৃ বা গহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; (খ) গহীত বা সূচিত কোন কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা অব্যাহত থাকিবে এবং এই বিধিমালার বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে; এবং (গ) কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের জন্য রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত কোনো কর্তৃপক্ষ বা কর্মকর্তা, অথবা রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত কর্তৃপক্ষ বলিয়া গণ্য কোনো কর্তৃপক্ষ বা কর্মকর্তা, ক্ষেত্রমত, এই বিধিমালার অধীনে কর্তৃপক্ষ বা কর্মকর্তা বলিয়া গণ্য হইবে।

Lesson Plan

Lesson: 5

Ref: 1.1.5

Title : Procedure for Disciplinary action (Practical) and Grievens Handling

Aims : To teach the participants about the procedure of disciplinary inquiry, so that they can prepare inquiry report in the real job situation.

Learning outcomes : At the end of the session, the participants will be able to :

- define major and minor penalty;
- state the reasons of major and minor penalty;
- mention steps of investigation procedure for minor/ major penalties/ subversive activities; and
- prepare an inquiry report.
- mention the procedure of Grievens Handling

Content	Methods/ Techniques	Aids/ Resources	Time (Minute)
Introduction <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning /experiences • Pre-assessment: (Q+A) • Topic: Disciplinary inquiry • Importance: Office norms and values/Office discipline/smooth functioning of administration and management. • Outline of content 	Lecture and Discussion/ Q+A		6
Development <ul style="list-style-type: none"> • Practice the exercise by the trainer • Allow the participants to practice • Allow the participants for presentation • Describe Grievens Handling • Motivation (Energize the group) • Practice/Exercise • Check attention (wrong statement) • Feedback (Q+A) 	Lecture/ Discussion/ Practice/ Q+A		45
Conclusion <ul style="list-style-type: none"> • Assessment of Los • Summarization by using key words • Motivation (application of leaning) • References • Forward Planning 	Discussion/ Q+A		9
Equipments and Aids : Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the classroom			
Behaviour/Performance	Condition	Criteria	

Lesson Plan

Lesson- 6

Ref: 1.1.6

Title: Prescribed Leave Rules, 1959

Target population: Officers (Grade 9 and above) of different organizations under MoA.

Time : 1 hour

Aims : To discuss about Prescribed Leave Rules, 1959 so that the participants can grant and avail leave as per rules in their working place.

Learning outcomes: After completion of the session the participants will be able to:

- Define leave
- list different types of leave;
- explain different types of leave rules;
- calculate different types of leave;
- state the leave statement;
- Condition for sanctioning PRL; and
- discuss benefits during leave period.

Content	Methods/ Techniques	Resources/ Aids	Time (Minute)
Introduction <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning /experiences • Pre-assessment: (Q+A) • Topic: Leave Rules • Importance: Smooth functioning of administration • Outline of content 	Lecture/ Discussion/ Q+A		5
Development <ul style="list-style-type: none"> • Different types of leave • Counting working day for leave • Due benefits during enjoying leave • Condition for sanctioning PRL • Leave statement • Motivation (Energize the group) • Practice/Exercise • Check attention (wrong statement) • Feedback (Q+A). 	Lecture/ Discussion/ Exercise/ Q+A		45
Conclusion: Assesment of Los <ul style="list-style-type: none"> • Summerization by using Key Words • Motivation(application of learning) • References • Forward planning 	Discussion Q+A		10

Equipments and Aids : Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the class room.

Behaviour/Performance	Condition	Criteria
------------------------------	------------------	-----------------

Lesson Plan

Lesson- 7

Ref: 1.1.7

Title: Prescribed Leave Rules, 1959

Target population: Officers (Grade 9 and above) of different organizations under MoA.

Time : 1 hour

Aims : To discuss about Prescribed Leave Rules, 1959 so that the participants can grant and avail leave as per rules in their working place.

Learning outcomes: After completion of the session the participants will be able to:

- Define leave
- list different types of leave;
- explain different types of leave rules;
- calculate different types of leave;
- state the leave statement;
- Condition for sanctioning PRL; and
- discuss benefits during leave period.

Content	Methods/ Techniques	Resources/ Aids	Time (Minute)
<p>Introduction</p> <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning /experiences • Pre-assessment: (Q+A) • Topic: Leave Rules • Importance: Smooth functioning of administration • Outline of content 	Lecture/ Discussion/ Q+A		5
<p>Development</p> <ul style="list-style-type: none"> • Different types of leave • Counting working day for leave • Due benefits during enjoying leave • Condition for sanctioning PRL • Leave statement • Motivation (Energize the group) • Practice/Exercise • Check attention (wrong statement) • Feedback (Q+A). 	Lecture/ Discussion/ Exercise/ Q+A		45
<p>Conclusion:</p> <ul style="list-style-type: none"> • Assessment of L.O.s • Summarization by using Key Words • Motivation(application of learning) • References • Forward planning 	Discussion Q+A		10

Equipments and Aids : Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the class room.

Behaviour/Performance

Condition

Criteria

Prescribed Leave Rules-1959

Md. Jamal Uddin

সূচনা :

মানুষ মেশিনের মত। মেশিন ধারাবাহিকভাবে চালিত হলে যেমন উহার ক্ষমতা হ্রাস পায়, তেমনি মানুষ অবিরামভাবে কাজ করলেও তার কর্মক্ষমতা ও উদ্যম হারিয়ে ফেলে। তাই বিশ্রামের প্রয়োজন। ইহাতে কর্মক্ষমতা বৃদ্ধি পায়। জনস্বার্থ ক্ষুণ্ণ করে যখন তখন ছুটি দাবী করা যায় না। তেমনি ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষও ক্ষমতার অপব্যবহার করে জন-স্বার্থের অহুহাতে যখন তখন ছুটি প্রত্যাখ্যান করতে পারেন না। Sir George Spence যথার্থই বলেছেন যে, “leave cannot be claimed as a matter of right, but leave cannot be refused as a matter of routine”।

ছুটি কি ?

সরকারী কর্মচারী সাপ্তাহিক ছুটি বা সরকার ঘোষিত ছুটি ব্যতিরেকে কোন কর্মদিবসে অফিসে অনুমোদিত অনুপস্থিত থাকলে ইহাকে ছুটি বলে।

ছুটি অর্জন কি ?

কার্য সম্পাদনের বিনিময়ে একজন সরকারী কর্মচারী ছুটি অর্জন করেন। ছুটির চাঁদা প্রদান করা হলে বৈদেশিক চাকরী কার্যকাল হিসেবে গণ্য করা হয় (এফআর-৬০/১৪৫, বিএসআর-২১০৩)।

ছুটি কত প্রকার ?

ছুটি মূলতঃ ৩(তিন) প্রকার যথা (ক) সাধারণ ছুটি (খ) অসাধারণ ছুটি ও (গ) বিশেষ ধরণের ছুটি।

(ক) সাধারণ ছুটি : কাজ করে ছুটি অর্জন করাকে সাধারণ ছুটি বলে। সাধারণ ছুটি আবার ২ প্রকার (১) পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি এবং (২) অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি।

(১) পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি : একজন স্থায়ী সরকারী কর্মচারী কর্মকালীন সময়ের জন্য ১১ দিনে ১ দিন হারে পূর্ণ গড় বেতনে ছুটি অর্জন করে এবং সর্বাধিক ৪ মাস পর্যন্ত এভাবে ছুটি জমা হবে। ৪ মাসের অতিরিক্ত অর্জিত ছুটি পৃথক আইটেমে জমা হবে। পৃথক আইটেমে জমাকৃত ছুটি হতে মেডিকেল সার্টিফিকেটের ভিত্তিতে অথবা তীর্থ যাত্রায়, শিক্ষায় অথবা বাংলাদেশ, বার্মা, শ্রীলংকা ও ভারতের বাইরে শান্তি ও বিনোদনের উদ্দেশ্যে গড় বেতনে ছুটি মঞ্জুর করা যাবে। এই ছুটি সর্বোচ্চ ৬ মাস পর্যন্ত বর্ধিত করা যাবে।

(২) অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি : একজন স্থায়ী সরকারী কর্মচারী কর্মকালীন সময়ের জন্য ১২ দিনে ১ দিন হারে যে ছুটি অর্জন করে একে অর্ধ গড় বেতনে অর্জিত ছুটি বলে। এই ছুটি সবই জমা হয়। মেডিকেল সার্টিফিকেট দাখিল করে এই ছুটি সর্বাধিক ১২ মাস পর্যন্ত পূর্ণ গড় বেতনে রূপান্তর করা যাবে। প্রতি ২ দিনের অর্ধ গড় বেতনের ছুটি ১ দিনের পূর্ণ গড় বেতনে ছুটি হিসেবে গণ্য করতে হয়।

(৩) একজন অস্থায়ী সরকারী কর্মচারী ৩০শে জুন, ১৯৫৯ পর্যন্ত নিরবচ্ছিন্নভাবে ৩ বা ততোধিক কাল চাকরীর মেয়াদ পূর্ণ করলে স্থায়ী চাকরীজীবির অনুরূপ ছুটি প্রাপ্য হবেন। তবে ঐ তারিখের পরে চাকরীতে যোগদান করেছেন বা করবেন এরূপ ক্ষেত্রে যোগদানের তারিখ থেকে ছুটি প্রাপ্য হবেন। তবে তার কার্যকালের ২২ দিনের জন্য ১ দিন পূর্ণ গড় বেতনে ছুটি অর্জন করবেন। এক্ষেত্রে ৩০ দিনের বেশী জমা থাকবে না। অস্থায়ী সরকারী কর্মচারী ৩০ দিনে ১ দিন অর্ধ গড় বেতনে ছুটি অর্জন করবেন, যা শুধু ডাক্তারী সার্টিফিকেট প্রদান সাপেক্ষে ভোগ করতে পারবেন।

টীকা।- গড় বেতন বলতে সরকারী কর্মচারী যে মাসে ছুটিতে গমন করবেন উহার অব্যবহিত পূর্ববর্তী পূর্ণ বার মাসের আহরিত গড় মাসিক বেতন অথবা যে মাসে ছুটিতে গমন করবেন উহার অব্যবহিত পূর্ববর্তী মাসে যে বেতন উত্তোলন করেছেন এই দুটির মধ্যে যা অধিক লাভ জনক, তা বুঝাবে।

(৪) অপ্রাপ্য ছুটি(Leave not due)

সরকারী কর্মচারীর ছুটির হিসাবে যখন কোন ছুটি মঞ্জুর না থাকে তখন তার আবেদনক্রমে অগ্রিম ছুটি মঞ্জুর করা হয়। উক্ত অগ্রিম ছুটিকে অপ্রাপ্য ছুটি (Leave not due) বলা হয়। ইহা অর্ধ-গড় বেতনের ছুটি হিসাবে মঞ্জুর করা হয়। অবসর প্রস্তুতি ছুটি ব্যতীত অন্যান্য ক্ষেত্রে নিম্ন বর্ণিত শর্তে অপ্রাপ্য ছুটি মঞ্জুর করা যায় :-

- (ক) ডাক্তারী সার্টিফিকেটসহ আবেদন করলে সমস্ত চাকুরীকালে অর্ধ-গড় বেতনে মোট ১২ মাস পর্যন্ত এবং ডাক্তারী সার্টিফিকেট ব্যতীত সমস্ত চাকুরীকালে মোট ৩ মাস পর্যন্ত এই ছুটি মঞ্জুর করা যায়।
- (খ) অপ্রাপ্য ছুটি হতে ফেরত আসার পর এই ছুটি সমন্বয় না হওয়া পর্যন্ত তার ছুটির হিসাবে কোন ছুটি জমা হবে না (বিধি-৫, পিএলআর ১৯৫৫/১৯৫৯, এফআর-৮১(৩), বিএসআর-১৮৪(৩)।
- (গ) সংশ্লিষ্ট কর্মচারী ছুটি শেষে চাকুরীতে প্রত্যাগমন করবেন এবং ছুটি অর্জন করবেন এই মর্মে নি-িত হওয়ার পর ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ অপ্রাপ্য ছুটি মঞ্জুর করতে পারেন (এফআর-৮১(সি), বিএসআর-১৮৪(সি)।
- (ঘ) অপ্রাপ্য ছুটি ভোগরত কোন সরকারী কর্মচারী স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করলে উক্ত ছুটি বাতিল করে ছুটি মঞ্জুরীর তারিখ হতে অবসর গ্রহণের অনুমতি প্রদান করা যেতে পারে (এফআর-৮১(সি), বিএসআর-১৮৪(সি), বিধি-৭১৭, ই-কোড-৩৩)।
- (ঙ) অপ্রাপ্য ছুটি হতে ফেরৎ আসার পর ছুটি অর্জনপূর্বক উহা সমন্বয় করা হয় বিধায় উক্ত ছুটিকালকে পেনশনযোগ্য চাকুরী হিসাবে গণ্য করা হয়।
- (চ) অপ্রাপ্য ছুটিকালীন সময় তিনি অর্ধ-গড় বেতন পাবেন (অস্থায়ী কর্মচারীর ক্ষেত্রে এই ছুটি প্রযোজ্য নয়)

(খ) অসাধারণ ছুটি/বিনা বেতনের ছুটি (Extraordinary Leave): (ক) যে ছুটিকালীন সময় কোন সরকারী কর্মচারী বেতন দেয়া হয় না উক্ত ছুটিকে অসাধারণ/বিনা বেতনের ছুটি বলা হয়। উহা নিম্নোক্ত অবস্থায় প্রদান করা হয়।

- (১) যখন কোন ছুটি প্রাপ্য না হয়; অথবা
- (২) অন্য ছুটি প্রাপ্য হলেও যখন সংশ্লিষ্ট কর্মচারী লিখিতভাবে উক্ত ছুটি মঞ্জুরীর আবেদন করেন।

- (খ) স্থায়ী কর্মচারী ব্যতীত অন্য কোন কর্মচারীকে কোন এশটি উপলক্ষে ৩ মাস অথবা ১২ মাসের অধিক অসাধারণ ছুটি প্রদান করা যাবে না।
- (গ) তবে দীর্ঘদিনের অসুস্থতার জন্য ডাক্তারী সার্টিফিকেট প্রদান সাপেক্ষে একজন অস্থায়ী সরকারী কর্মচারীকে সর্বাধিক ৬ মাস পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা যায়।
- (ঘ) যক্ষ্মা রোগে আক্রান্ত একজন সরকারী কর্মচারীকে ডাক্তারী সার্টিফিকেট প্রদান সাপেক্ষে এক উপলক্ষে ১২ মাস পর্যন্ত অসাধারণ ছুটি মঞ্জুর করা যায়।
- (ঙ) ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ অননুমোদিত অনুপস্থিত কালকে অসাধারণ ছুটি হিসেবে রূপান্তর করতে পারেন (বিধি-৯/ পিএলআর-১৯৫৫/১৯৫৯)।

(গ) বিশেষ ধরনের ছুটি : (১) নৈমিত্তিক ছুটি, (২) বিশেষ অসমর্থ ছুটি, (৩) প্রসূতি বা মাতৃত্ব ছুটি, (৪) হাসপাতাল ছুটি, (৫) অধ্যয়ন ছুটি, (৬) বিশেষ অসুস্থতা ছুটি (৭) সঙ্গ রোধ ছুটি (৮) অবকাশ বিভাগীগণের ছুটি এবং (৯) চিত্ত বিনোদন ছুটি এবং (১০) বিভাগীয় ছুটি। (১১) বাংলাদেশের বাইরে বৈদেশিক চাকুরীর (Foreign Service) অবস্থায় ছুটি ভোগ করলে, যখন লিভ-স্যালারী প্রদান করা হয় না এয়াড়া সরকারী ছুটি, নির্বাহী আদেশে সরকারী ছুটি, ঐচ্ছিক ছুটি, অবসর প্রস্তুতি ছুটি, প্রাপ্যতাবিহীন বা অপ্রাপ্য ছুটিও রয়েছে।

(১) নৈমিত্তিক ছুটি (Casual Leave) : কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোন সরকারী কর্মচারী ব্যক্তিগত অথবা অসুস্থতার জন্য কিছুদিনের জন্য কর্মে অনুপস্থিত থাকলে ইহাকে নৈমিত্তিক ছুটি বলে। একজন সরকারী কর্মচারীকে সর্বোচ্চ ১০ দিন পর্যন্ত নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা যায়। তবে পার্বত্য চট্টগ্রামে নিয়োজিত কর্মচারীগণকে এক সঙ্গে ১৫ দিন পর্যন্ত ছুটি মঞ্জুর করা যায়। সরকারী ছুটি বা সাপ্তাহিক ছুটির সঙ্গে এই ছুটি সর্বোচ্চ ৩ দিন পর্যন্ত প্রদান করা যেতে পারে। তবে উভয় দিকে সরকারী ছুটি থাকলে এই ছুটি এক দিকের ছুটির সাথে যোগ করতে হবে।

(২) বিশেষ অসমর্থ ছুটি (Special Disability Leave): (এফআর-৮৩/বিধি-১৯২ বিএসআর/বিধি-২১২২, E.Code-II) : কোন সরকারী কর্মচারী তার উপর ন্যস্ত দায়িত্বে নিয়োজিত থাকাকালীন অবস্থায় ইচ্ছাকৃতভাবে আঘাতপ্রাপ্ত হলে কিংবা সরকারী দায়িত্ব পালনকালে অথবা তার পদমর্যাদার কারণে আহত হয়ে যদি অসমর্থ হয়ে পড়ে, সেক্ষেত্রে সরকার বিশেষ অসমর্থ ছুটি মঞ্জুর করতে পারেন। এই ছুটি মঞ্জুর করার ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী পালন করতে হবেঃ-

ক) দুর্ঘটনা সংঘটিত হওয়ার ৩ মাসের মধ্যে অসমর্থতা প্রকাশ না পেলে এবং অসমর্থ ব্যক্তি যথাসময় উহা গোচরিত না করলে বিশেষ অসমর্থ ছুটি মঞ্জুর করা যাবে না। কিন্তু প্রেসিডেন্ট যদি এই মর্মে নিত হন যে, সংঘটিত দুর্ঘটনাই অসমর্থতার কারণ, সেক্ষেত্রে দুর্ঘটনা সংঘটিত হওয়ার ৩ মাস পরেও যদি অসমর্থতা প্রকাশ পায় তবে বিশেষ অসমর্থ ছুটি মঞ্জুর করা যায়।

- খ) মেডিকেল বোর্ডের সার্টিফিকেটের ভিত্তিতে এবং ডাক্তারী সনদ দাখিল সাপেক্ষে বিশেষ অসমর্থ ছুটি মঞ্জুর করা যায়। উহার সর্বোচ্চ পরিমাণ ২৪ মাসের বেশী হবে না (৪ মাস গড় বেতনে এবং অবশিষ্ট অর্ধ-গড় বেতন)।
- গ) এই ছুটি অন্যান্য ছুটির সঙ্গে যুক্ত করা যাবে।
- ঘ) অনুরূপ ঘাঁনার ফলশ্রুতিতে পরবর্তী সময় যদি অসমর্থতা বৃদ্ধি পায় বা পুনরায় উহা প্রকাশ পায়, সেক্ষেত্রে এশাধিকবার বিশেষ অসমর্থ ছুটি মঞ্জুর করা যাবে। তবে এশবারের অসমর্থতার জন্য ২৪ মাসের অধিক এই ছুটি মঞ্জুর করা যাবে না।
- ঙ) বিশেষ অসমর্থ ছুটির সময়কে পেনশন হিসাব করার ক্ষেত্রে কার্যকাল হিসাবে গণ্য হবে। এই ছুটির হিসাবে ডেবিট করা হয় না।

টীকা।- বৈদেশিক চাকরি হতে উদ্ধৃত কোন শারীরিক অথবা মানসিক অক্ষমতা বৈদেশিক চাকরিতে থাকাবস্থায় অথবা ইহার পর যে কোন পর্যায়ে দেখা দিলে বাংলাদেশ সরকার ইহার কোন দায়-দায়িত্ব গৃহণ করবে না এবং কোন অক্ষমতা ছুটিও মঞ্জুর করা হবে না (সংস্থাপন মন্ত্রণালয়ের রিজলিউশন নং সম (বিঃ নৈঃ)/নিয়োগ-নীতি-১/৯২-৫০০(৬৫০০) তারিখ ০৮-৯-১৯৯২)

(৩) প্রসূতি বা মাতৃত্ব ছুটি (Maternity Leave) (এফআর-১০১, বিএসআর-১৯৭):

- ক) কোন সরকারী মহিলা কর্মচারীকে পূর্ণ বেতনে অথবা প্রসবের জন্য আঁতুরঘরে গমনের (Confinement) তারিখ হতে ছয় মাস যাহা আগে আসে, প্রসূতি ছুটি মঞ্জুর করা যেতে পারে। প্রসূতি ছুটি ছুটির হিসাবে হতে ডেবিট হবে না।
- খ) ডাক্তারী সার্টিফিকেটসহ আবেদন করলে প্রসূতি ছুটির সঙ্গে অন্য যে কোন ছুটি মঞ্জুর করা যেতে পারে (এস আর-২৯৮/বিধি-৯৭ বিএসআর-১/বিধি-২২৬৬, ই-কোড-১১)।
- গ) এফ আর দ্বারা পরিচালিত সরকারী অস্থায়ী মহিলা কর্মচারীকে প্রসূতি ছুটি মঞ্জুর করা যেতে পারে (এস আর-২৬৭)।
- ঘ) বিএসআর দ্বারা পরিচালিত সরকারী অস্থায়ী মহিলা কর্মচারীকে উপরোক্ত (ক) ধারায় উলিখিত প্রসূতি ছুটি মঞ্জুর করা যেতে পারে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীকে সন্তান প্রসবের তারিখের পূর্বে অন্ততঃ ৯ মাস চাকুরী করতে হবে।
- ঙ) একজন মহিলা সরকারী কর্মচারী তার চাকুরীকালে বেতন ভাতা সহ দুইবারের অধিক প্রসূতি ছুটি প্রাপ্য হবে না (এসআরও নং-৩৮৫-এল/৮৫ তারিখঃ ২৪-৮-৮৫)।

(৪) হাসপাতাল ছুটি (Hospital Leave) (এফআর ভলুঃ২, বিধি-১৯৮,১৯৯,২০১, বিএসআর-১, বিধি-২২৬৮, ই-কোড-৩৩):

যে সমস্ত কার্য সম্পাদনের জন্য দুর্ঘটনা অথবা অসুস্থ হওয়ার বিশেষ ঝুঁকি রয়েছে নিম্ন পদস্থ কর্মচারীগণ কর্তৃক ঐ সমস্ত কার্য সম্পাদন করার ফলে তারা অসুস্থ হলে তাদেরকে যে ছুটি মঞ্জুর করা হয় উহাকে হাসপাতাল ছুটি বলে।

যদি তাদের উপর ন্যস্ত দাপ্তরিক কর্তব্য পালনের জন্য তারা অসুস্থ হয়ে থাকেন বা আঘাতপ্রাপ্ত হন, সেক্ষেত্রে নিয়োগকারী উপযুক্ত কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কতিপয় কর্মচারীকে ডাক্তারী চিকিৎসার জন্য হাসপাতাল ছুটি মঞ্জুর করতে পারেন।

(ক) প্রধান পুলিশ কনষ্টবলের পদমর্যাদার উর্ধে নহে এমন সকল পুলিশ অফিসার, (খ) কেরানী ব্যতীত বন বিভাগের নিম্নপদস্থ কর্মচারীগণ (গ) সরকারী প্রেসের নিম্ন বেতনের কর্মচারীগণ (ঘ) শুল্ক বিভাগের নিম্ন বেতনের কর্মচারীগণ (ঙ) পাগলা গারদের পুরুষ বা মহিলা ওয়ার্ডারগণ, (চ) পোস্ট অফিসের পিয়ন, (ছ) আস্তাবলের সহিসগণ, ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার, লিডার, ফোরম্যান, ড্রাইভারসহ অন্যান্য নিম্ন পদস্থ কর্মচারী, (ঝ) জেলখানার মহিলা বা পুরুষ ওয়ার্ডারগণ

- (১) হাসপাতাল ছুটি সংশ্লিষ্ট কর্মচারীর ছুটির হিসাব হতে ডেবিট করা হয় না এবং উক্ত ছুটি অন্যান্য ছুটির সঙ্গে সংযুক্ত করা যেতে পারে। তবে সংযুক্ত করার পর ছুটির মোট সময়কাল ২৮ মাসের অধিক হবে না।
- (২) হাসপাতাল ছুটি গড় বেতনে প্রতি ৩ বৎসর সময় কালের জন্য ৩ মাসের অধিক হবে না এবং অর্ধ-গড় বেতনে ছুটি উহার অর্ধেক হবে।
- (৩) ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ গড় বেতনে অথবা অর্ধ-গড় বেতনে হাসপাতাল ছুটি মঞ্জুর করতে পারেন।

(৫) অধ্যয়ন ছুটি (Study Leave)(এফআর-৮৪, বিএসআর-১৯৪):

সরকারের কতিপয় বিভাগের অফিসারগণকে যেমন-শিক্ষা বিভাগ, জনস্বাস্থ্য বিভাগ, গণপূর্ত বিভাগ, বন বিভাগ, প্রকৃতি বিজ্ঞান, কারিগরী অথবা অনুরূপ বিষয়ে অধ্যয়নের জন্য অথবা বিশেষ ধরনের প্রশিক্ষণের জন্য যে ছুটি মঞ্জুর করা হয় উহাকে অধ্যয়ন ছুটি বলা হয়। ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, জনস্বার্থে বিশেষ ধরনের পাঠ্যক্রম অনুযায়ী অধ্যয়ন করা অথবা বিজ্ঞান বা কারিগরী বিষয়ে গবেষণামূলক অধ্যয়ন করা প্রয়োজন, সেক্ষেত্রে সরকারী কর্মচারীকে অধ্যয়ন মঞ্জুর করা যেতে পারে।

- ক) যে সমস্ত সরকারী কর্মচারীর চাকুরী ৫ বছর পূর্ণ হয়নি বা যাদের ৩ বৎসরের মধ্যে অবসর গ্রহণের সম্ভাবনা রয়েছে সাধারণতঃ সেই সকল কর্মচারীগণকে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাবে না। যাদের চাকুরী ৫ বৎসরের কম উপযুক্ত কর্তৃপক্ষ স্বীয় ক্ষমতাবলে তাদেরকেও উক্ত ছুটি মঞ্জুর করতে পারেন।
- খ) অধ্যয়ন ছুটি মঞ্জুর করার ক্ষেত্রে জনস্বার্থ সংক্রান্ত বিষয়ের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে। কোনক্রমেই এই ছুটি মঞ্জুরীর মাধ্যমে ডাক্তারী সনদের ভিত্তিতে অসাধারণ ছুটি ব্যতীত অন্যান্য ছুটি সংযুক্ত করে একজন সরকারী কর্মচারীকে ২৮ মাসের অতিরিক্ত সময় অথবা পুরো চাকরীকালীন সময়ে ২ বৎসরের অতিরিক্ত সময় তার নিয়মিত কর্তব্য হতে অনুপস্থিত রাখা যাবে না অথবা তার ছুটি জনিত অনুপস্থিতির কারণে সংশ্লিষ্ট ক্যাডারের কর্তব্য সম্পাদনে অসুবিধা সৃষ্টি হতে পারে অথবা তার নিয়মিত কার্য সম্পাদন ব্যাহত হতে পারে, সেক্ষেত্রে তাকে যখন তখন অথবা ঘন ঘন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাবে না।
- গ) অধ্যয়ন ছুটি সাধারণভাবে ১২ মাস পর্যন্ত মঞ্জুর করা যেতে পারে। যার সর্বোচ্চ সময়সীমা হিসেবে বিবেচিত হয়ে থাকে এবং বিশেষ অথবা ব্যতিক্রমধর্মী কারণ ব্যতীত এই সময়সীমা অতিক্রম করা যাবে না।
- ঘ) একজন সরকারী কর্মচারী যদি অধ্যয়ন ছুটির সাথে অন্য কোন ছুটি সংযুক্ত করে ছুটি গ্রহণ করে থাকেন, সেক্ষেত্রে অধ্যয়ন ছুটি এমনভাবে গ্রহণ করতে হবে যাতে অধ্যয়ন শেষে তার নিয়মিত চাকুরীতে ফেরৎ আসার জন্য প্রয়োজনীয় ছুটি হাতে থাকে। যেক্ষেত্রে কোন সরকারী কর্মচারীকে কোন নির্দিষ্ট সময়ের জন্য অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয়, পরবর্তীতে সময় যদি অধ্যয়নের ক্ষেত্রে মঞ্জুরকৃত ছুটির কোন ঘাটতি দেখা দেয়, সেক্ষেত্রে ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ নিয়মিত ছুটি ব্যতীত অধ্যয়ন ছুটির ঘাটতি সময়কেও অধ্যয়ন ছুটি হিসেবে গণ্য করতে হবে।
- ঙ) অধ্যয়ন ছুটি ছুটির হিসাব হতে ডেবিট হয় না। পদোন্নতি ও পেনশনের ক্ষেত্রে উহা চাকুরী হিসাবে গুণা করা হয়। কিন্তু ছুটি হিসাব করার জন্য চাকুরীকাল হিসেবে গণ্য করা হয় না। অর্থাৎ উক্ত সময়ে তিনি কোন ছুটি অর্জন করবেন না। এই ছুটি অন্য কোন ছুটির প্রাপ্তির ক্ষেত্রে প্রতিবন্ধক হবে না এবং অর্ধ-গড় বেতনের সর্বোচ্চ ছুটি হিসাব করার ক্ষেত্রেও এই ছুটি অন্য ছুটির সাথে সংমিশ্রণ করা যাবে না।
- চ) অধ্যয়ন ছুটিকালীন সময় একজন সরকারী কর্মচারী অর্ধ-গড় বেতন প্রাপ্য হবেন। তবে সর্বমোট অনুপস্থিতি বিএস আর ১ম খন্ডের ৩৪ বিধি অনুসারে ৫ বৎসর অতিক্রম করিতে পারবে না।
- ছ) যে সকল সরকারী কর্মচারীকে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয় তাদের নিজেদেরকে সাধারণত কোর্স ফি পরিশোধ করতে হয়। ব্যতিক্রম ক্ষেত্রে সরকার ফি পরিশোধ বিবেচনা করতে পারে।

(৬) নাবিকদের অসুস্থতার জন্য ছুটি (বিশেষ অসুস্থতা ছুটি)(এফআর-১০২, বিধি-২০২, বিএসআর-১): সরকারী নৌযানে কর্মরত কোন অফিসার, ওয়ারেন্ট অফিসার অথবা পেটি অফিসার আহত বা অসুস্থতা জনিত কারণে হাসপাতাল অথবা নৌযানের অভ্যন্তরে চিকিৎসার জন্য পূর্ণ গড় বেতনে ছয় সপ্তাহ পর্যন্ত বিশেষ অসুস্থতা জনিত ছুটি পেতে পারেন। তবে মদ্য পান বা অন্য কোন ভাবে নিজেদের দ্বারা সৃষ্ট অসুস্থতার জন্য এই প্রকার ছুটি প্রাপ্য হবে না। এই প্রকার ছুটি অর্জন করতে হয় না এবং এই প্রকার ছুটি হিসাব হতে বিরোধ হয় না। নৌযানের কমান্ডার এই ছুটি মঞ্জুর করতে পারেন।

(৭) সঙ্গরোধ ছুটি (Quarantine Leave)(বিএসআর-১৯৬)

- ক) কোন সরকারী কর্মচারীর পরিবার বা বাড়িতে সংক্রামক রোগ দেখা দিলে সংশ্লিষ্ট কর্মচারীকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য কর্তৃপক্ষ কর্তৃক আদেশ দেয়া হয়। এই অনুপস্থিত কালকে সঙ্গরোধ ছুটি বলা হয়।
- খ) মেডিকেল অফিসার অথবা জনস্বাস্থ্য অফিসারের সার্টিফিকেটের ভিত্তিতে অফিস প্রধান একজন সরকারী কর্মচারীকে ২১ দিন অথবা বিশেষ ক্ষেত্রে ৩০ দিন পর্যন্ত সঙ্গরোধ ছুটি মঞ্জুর করতে পারেন। উক্ত ছুটির অতিরিক্ত ছুটির প্রয়োজন হলে তা সাধারণ ছুটি হিসাবে গণ্য হবে।
- গ) সঙ্গরোধ ছুটির সময় সংশ্লিষ্ট কর্মচারীর স্থলে অন্য কোন কর্মচারী নিয়োগ করা যাবে না। এ ছুটি কালীন সময়কে অনুপস্থিতকাল বলে গণ্য করা যাবে না এবং তার বেতনও বন্ধ করা যাবে না।
- ঘ) সঙ্গরোধ ছুটি কালীন সময়কে কার্যকাল বলে গণ্য করা হয়।
- ঙ) যে সকল রোগে সঙ্গরোধ ছুটি ভোগ করা যায় (ক) গুটি বসন্ত (খ) কলেরা (গ) পেণ্ডগ (ঘ) টাইফাস জ্বর (ঘ) সেরিব্রোস্পাইনাল-মেনেনজাইটিস ইত্যাদি।

(৮) অবকাশ বিভাগীণের ছুটি (এফআর এর এসআর ২৬৩-২৬৬):

অবকাশ বিভাগের সরকারী কর্মচারী কোন বৎসরের পূর্ণ অবকাশ যাপন করলে সেই বৎসরের কার্যকালের জন্য কোন গড় বেতনে ছুটি প্রাপ্য হবেন না। অবকাশ বিভাগের কর্মচারী বৎসরে কোন পূর্ণ অবকাশ যাপন হতে বিরত রাখা হলে বিরতিকালীন সময়ে ৩০ দিন অনুপাতে তিনি গড় বেতনে ছুটি অর্জন করবেন। অবকাশ যাপন না করলে তিনি অবকাশ বিভাগের কর্মচারী না হলে যে হারে ছুটি পেতেন সে হারে গড় বেতনে ছুটি প্রাপ্য হবেন এবং অর্ধ গড় বেতনের ছুটিও প্রাপ্য হবেন এবং ভোগ করবেন।

(৯) চিত্ত বিনোদন ছুটি (বাংলাদেশ চাকরি (বিনোদন ভাতা) বিধিমালা, ১৯৭৯)

কার্যভিত্তিক, আনুষঙ্গিক ও চুক্তিভিত্তিক কর্মচারী ব্যতীত সকল প্রকার সরকারী কর্মচারীর ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হবে। সরকারী কর্মচারী প্রতি ৩ বৎসরে ১৫ দিনের গড় বেতনে ছুটিতে গেলে ১ মাসের বেতনের সমান বিনোদন ভাতা প্রাপ্য হবে। কর্মচারীর আবেদনকৃত তারিখ হতে জনস্বার্থে মঞ্জুর করা সম্ভব না হলে যে সময়ে মঞ্জুর করা হবে উক্ত সময়ে বিনোদন ভাতা প্রাপ্য হবে। তবে পরবর্তী বিনোদন ভাতার জন্য ৩ বৎসর গুনা করা হবে পূর্ববর্তী আবেদনকৃত ছুটির তারিখ হতে। এলপিআর ভোগরত কর্মচারীগণ এই ভাতা পাবে না। ছুটি মঞ্জুরী ব্যতিরেকে এই ভাতা দেয়া যাবে না।

১০। বিভাগীয় ছুটি (বিধি-২০৩, বিএসআর, এফআর-এর এসআর-২৭৬-৮৩)

নিম্নোক্ত শর্ত সাপেক্ষে জরিপ বিভাগের ঢাকায় অবস্থিত সদর দপ্তরের অফিস সংস্থাপনের কর্মচারী নয়, কিন্তু পার্টির সাথে সম্পৃক্ত, এমন কর্মচারীদেরকে বিভাগীয় ছুটি প্রদান করা হয়ে থাকেঃ

- (১) যে সমস্ত কর্মচারীদের চাকরী সাময়িকভাবে প্রয়োজন হবে না, শুধু সেই সমস্ত কর্মচারীদেরকে বিভাগীয় ছুটি প্রদান করা হয়।
- (২) কোন বিশেষ কর্মকালীন সময় ব্যতীত বাকী ছুটিকালীন সময়ে এই প্রকার ছুটি প্রদান করা হয়।
- (৩) কর্মকালীন সময়েও কর্মচারীর প্রয়োজনে বা তার আবেদনের ভিত্তিতে নয়, সরকারী স্বার্থে ছয় মাস এবং বিশেষ ক্ষেত্রে এক বৎসর পর্যন্ত এই প্রকার ছুটি প্রদান করা যায়।
- (৪) এই প্রকার ছুটিকালীন সময় কর্মরত হিসেবে গণ্য হয় না এবং ছুটির হিসাব হতে বিয়োগ হবে। এই প্রকার ছুটি অর্ধ গড় বেতনে প্রদান করা হয়ে থাকে।
- (৫) ছুটি পাওনা না থাকলেও এই প্রকার ছুটি প্রদান করা যায় এবং অন্য যে কোন প্রকার পাওনা ছুটির সাথে একত্রে প্রদান করা যায়।

যে যে ছুটি ছুটির হিসাব হতে ডেবিট হবে না (বিধি-১৯৬, বিএসআর):

- (ক) বিদেশে ছুটি ভোগরত সরকারী কর্মচারীকে ছুটি শেষ হওয়ার পূর্বে বাধ্যতামূলক ডেকে পাঠালে বাংলাদেশে ফেরৎ আসার পথে সমুদ্র যাত্রাকাল
- (খ) বিশেষ অসমর্থ ছুটির প্রথম ৪ মাস
- (গ) অধ্যয়ন ছুটি
- (ঘ) বিনা বেতনের ছুটি
- (ঙ) প্রসূতি ছুটি
- (চ) হাসপাতাল ছুটি
- (ছ) নাবিকদের অসুস্থতার জন্য ছুটি
- (জ) বাংলাদেশের বাইরে বৈদেশিক চাকুরীরত (Foreign Service) অবস্থায় ছুটি ভোগ করলে, যখন লিভ-স্যালারী চাঁদা প্রদান করা হয় না।
- (ঝ) নৈমিত্তিক ছুটি
- (ঞ) সঙ্গরোধ ছুটি (নৈমিত্তিক ছুটি এবং সঙ্গরোধ ছুটির সময়কে কার্যরত বলে গণ্য করা হয়)

একজন সরকারী কর্মচারীকে এককালীন যে পরিমাণ ছুটি মঞ্জুর করা যায় ঃ-

একজন সরকারী কর্মচারীকে এককালীন এক বৎসর পর্যন্ত ছুটি মঞ্জুর করা যেতে পারে (গড় বেতনে ৪ মাস এবং অর্ধ-গড় বেতনে ৮ মাস) এবং ডাক্তারী সনদের ভিত্তিতে উহা দুই বৎসর পর্যন্ত বর্ধিত করা যেতে পারে (৬ মাস গড় বেতনে এবং ১৮ মাস অর্ধ-গড় বেতনে)। (বিধি-৭, পিএলসি-১৯৫৫/১৯৫৯)।

বাধ্যতামূলক অবসর গ্রহণের পর ছুটি মঞ্জুরীর পদ্ধতি ঃ

বাধ্যতামূলক অবসর গ্রহণের তারিখে একজন সরকারী কর্মচারীর সকল ছুটি বাতিল হয়ে যায়। অর্থাৎ উক্ত তারিখের পর তাকে কোন ছুটি মঞ্জুর করা যায় না।

(ক) তবে অবসর গ্রহণের তারিখের পর্যাণ্ত সময় পূর্বে যদি তার আবেদনকৃত ছুটি প্রত্যাখ্যান করা হয়ে থাকে, অথবা (খ) ছুটির জন্য আবেদন করা হলে উহা মঞ্জুর করা হবে না ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক উহা নিশ্চিত করা হলে এবং জনস্বার্থে তার ছুটির আবেদন প্রত্যাখ্যান করা হলে, অবসর গ্রহণের পর উক্ত কর্মচারীকে সর্বাধিক ৬ মাস পর্যন্ত ছুটি মঞ্জুর করা যেতে পারে (এফআর-৮৬(এ), বিধি-১০, পিএলআর-১৯৫৫/১৯৫৯, বিধি-২১২৭, ই-কোড- II)।

অবসর প্রস্তুতিমূলক ছুটি মঞ্জুরীর শর্তাবলী :

সরকারী বিধি মোতাবেক কোন সরকারী কর্মচারীকে নির্দিষ্ট সময়ের পর (বর্তমানে ৫৭ বৎসর পূর্ণ হওয়ার পর) চাকুরী হতে অবসর গ্রহণ করতে হয়। তখন তিনি অবসর প্রস্তুতিমূলক ছুটি প্রাপ্য হবেন। এই ছুটি অবসর গ্রহণের তারিখের পরও বর্ধিত হতে পারে। তবে ৫৮ বৎসরের পর উহা বর্ধিত করা যাবে না। এই ক্ষেত্রে অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষে তার অবসর গ্রহণের তারিখ কার্যকর হবে (ধারা-৭, সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪)।

প্রাপ্তি সাপেক্ষে একজন সরকারী কর্মচারীকে গড় বেতনে এক বৎসর পর্যন্ত অবসর প্রস্তুতিমূলক ছুটি মঞ্জুর করা যেতে পারে। একজন সরকারী কর্মচারী গড় বেতনের ছুটি পাওনা না থাকলে প্রাপ্তি সাপেক্ষে এক বৎসর অর্ধ-গড় বেতনের ছুটি মঞ্জুর করা যেতে পারে।

অবসর প্রস্তুতিমূলক ছুটি গ্রহণের ইচ্ছুক সরকারী কর্মচারীকে অবসর গ্রহণের তারিখের অন্ততঃ একদিন পূর্বে ছুটিতে যেতে হবে। অবসর গ্রহণের তারিখের পূর্বে যদি সরকারী ছুটি থাকে, তবে ছুটির পূর্বের কার্যদিবসে অবসর প্রস্তুতিমূলক ছুটির উদ্দেশ্যে কার্যভার হস্তান্তর করতে হবে (নং-সম/অবি/(প্রবিধি-১)-৩-পি-২৫/৯১-১(১০০০) তারিখ ১-১-৯২।

সরকারী কর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪-এর ৯(১) ধারা মোতাবেক যখন কোন সরকারী কর্মচারী অবসর গ্রহণের আবেদন করেন এবং অবসর প্রস্তুতিমূলক ছুটি গ্রহণের ইচ্ছা প্রকাশ করেন, সেক্ষেত্রে ছুটিতে যাওয়ার তারিখের কমপক্ষে ৩০ দিন পূর্বে ছুটিতে যাওয়ার তারিখ, ছুটির মেয়াদ এবং ছুটির প্রাপ্যতা সম্পর্কিত অডিট অফিসের প্রত্যাশনপত্রসহ আবেদন করলে অবসর প্রস্তুতিমূলক ছুটি প্রাপ্য হবেন (প্যারা-৯, সরকারী কর্মচারী (অবসর) বিধিমালা, ১৯৭৫)।

ছুটিকালীন সময় একজন সরকারী কর্মচারীর প্রাপ্য সুবিধাদিঃ

একজন সরকারী কর্মচারী অবসর প্রস্তুতি ছুটি সহ গড় বেতন, অর্ধ-গড় বেতন এবং বিনা বেতনের ছুটিকালীন সময় নিম্নবর্ণিত সুবিধা প্রাপ্য হবেন :-

- (১) সাধারণ বিধি মোতাবেক প্রাপ্য ছুটির বেতন (বিনা বেতনে ছুটি ব্যতীত) প্রাপ্য হবেন।
- (২) ছুটিতে যাওয়ার পূর্বে প্রাপ্ত সমুদয় বাড়ীভাড়া ভাতা প্রাপ্য হবেন (ঋনহ্রহপব উরারংরডহ গবসড় ঘড়.গঞ্চ/জ-৩৩/ঐ.জ-১/৭৭/২৬০ উধঃবফ ২৫.৯.৭৮)।
- (৩) অবসর প্রস্তুতি ছুটি ব্যতীত অন্য যে কোন ছুটিকালীন সময় আবাসিক টেলিফোন প্রাপ্য হবেন।
- (৪) ছুটি যদি এক মাসের অধিক না হয় (অবসর প্রস্তুতি ছুটি ব্যতীত) সেক্ষেত্রে সরকারী খরচে সংবাদপত্রের চাঁদা প্রাপ্য হবেন।
- (৫) ছুটিতে যাওয়ার পূর্বে প্রাপ্ত সমুদয় চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন।
- (৬) বিনা বেতনের ছুটিতে যাওয়ার পূর্বে প্রাপ্য সমুদয় বাড়ীভাড়া ভাতা ও চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন।

একজন সরকারী কর্মচারী অবসর প্রস্তুতি ছুটিসহ গড় বেতন, অর্ধ-গড় বেতন বা বিনা বেতনের ছুটিকালীন সময় নিম্নবর্ণিত সুবিধা প্রাপ্য হবেন না :-

- (১) ছুটিকালীন সময়ে যেহেতু তিনি দাপ্তরিক কর্তব্য পালন করেন না সেহেতু তিনি ভ্রমণ ভাতা এবং যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।
- (২) উক্ত সময় তিনি আরদালী, আপ্যায়ন ভাতা বা আপ্যায়ন খরচ প্রাপ্য হবেন না (নং সগবি(বিধি-৪) ২০২/৮৩/৩৯ তারিখ ১০-৫-১৯৮৩।

ছুটির সাধারণ নিয়মাবলী

- (১) (ক) ক্ষতিপূরণ অথবা অসমর্থ পেনশন গ্রহণকারী কোন সরকারী কর্মচারী যদি চাকুরীতে পুনঃ নিয়োগ লাভ করেন এবং যদি তিনি আনুতোষিকের অর্থ ফেরৎ দেয় বা তার পেনশন সম্পূর্ণভাবে স্থগিত রাখা হয়, সেক্ষেত্রে শেষ অবসর গ্রহণের সময় তার পূর্ব চাকুরী পেনশনযোগ্য চাকুরী হিসেবে গণ্য করা হবে। এক্ষেত্রে পুনঃ নিয়োগকারী কর্তৃপক্ষ তার স্বীয় ক্ষমতাবলে যতটুকু ইচ্ছা তার পূর্ব চাকুরী ছুটি নির্ণয়ের ক্ষেত্রে চাকুরী হিসেবে গণ্য করতে পারেন (এফআর-৬৫(এ)/বিধি-১৪৭(১), বিএসআর/বিধি-২১০৫(এ), ই-কোড-৩৩)।
- (২) একজন সরকারী কর্মচারী পদচ্যুত বা চাকুরী হইতে অপসারিত হওয়ার পর যদি আপীলের ভিত্তিতে চাকুরীতে পুনর্বহাল হয়, সেক্ষেত্রে তার পূর্ব চাকুরী ছুটি গুণা করার জন্য চাকুরী হিসাবে গণ্য করা হবে (এফ আর-৬৫(বি)/বিধি-১৪৭(২), বিএসআর/বিধি-২১০৫(বি), ই-কোড-৩৩)।
- (৩) ছুটি অধিকার হিসাবে দাবী করা যাবে না। জনস্বার্থে ছুটি মঞ্জুর না করার জন্য কর্তৃপক্ষকে ক্ষমতা প্রদান করা হয়েছে (এফআর-৬৭/বিধি-১৫১, বিএসআর/বিধি-২১০৬, ই-কোড-৩৩)।
- (৪) ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ জনস্বার্থে আবেদন প্রত্যাখ্যান করতে পারবেন। তবে প্রার্থীত ছুটির প্রকৃতি পরিবর্তন করতে পারবেন না (এফআর-৬৭/বিধি -১৫১, বিএসআর)। কিন্তু রুটিন মাসিক যখন তখন ছুটি প্রত্যাখ্যান করা যাবে না (CAG's Circular No.1752/NGE-11/44-61 Dated 23-10-62)।
- (৫) সরকারী কর্মচারীর দায়িত্ব হস্তান্তরের আদেশ কার্যকর হওয়ার তারিখ হতে ছুটি আরম্ভ হবে এবং দায়িত্ব গ্রহণের পূর্ব দিনে ছুটি শেষ হবে (এফআর-৬৮/বিধি-১৫২, বিএসআর)।
- (৬) কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন সরকারী কর্মচারী ছুটিকালীন সময় অন্য কোন চাকুরী গ্রহণ করতে পারেন না (এফআর-৬৯, বিধি-২১০৮, ই-কোড-৩৩)।
- (৭) যে সরকারী কর্মচারীকে ডাক্তারী সনদের ভিত্তিতে ছুটি মঞ্জুর করা হয়েছে তাহার ক্ষেত্রে শারীরিক সুস্থতা সম্পর্কিত ডাক্তারী সার্টিফিকেট প্রদান না করা হলে কাজে যোগদানের অনুমতি প্রদান করা যাবে না (এফআর-৭১/বিধি -১৫৭, বিএসআর/বিধি-২১১০, ই-কোড-৩৩)।
- (৮) ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ছুটি ভোগরত একজন সরকারী কর্মচারী তার ছুটি শেষ হওয়ার ১৪ দিনের বেশী সময় পূর্বে কাজে যোগদান করতে পারবেন না (এফআর-৭২/বিধি -১৫৮, বিএসআর/বিধি-২১১১, ই-কোড-৩৩)।
- (৯) কোন সরকারী কর্মচারী ছুটি শেষ হওয়ার পরও যদি কাজে অনুপস্থিত থাকেন, সেক্ষেত্রে অনুপস্থিতিকালের জন্য কোন ছুটির বেতন পাবেন না এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ছুটি বর্ধিত করা না হলে উক্ত অনুপস্থিত কালকে অর্ধগড় বেতনের ছুটি হিসাবে তার ছুটির হিসাবে ডেবিট করা হবে। ছুটি শেষে ইচ্ছাকৃতভাবে অনুপস্থিত থাকলে উহা অসদাচরণ হিসাবে গণ্য করা হবে। এই সময়কে পেনশন এবং ইনক্রিমেন্টের জন্য হিসাব করা হবে না (এফআর-৭৩/বিধি-১৫৮, বিএসআর/বিধি-২১১২, ই-কোড-৩৩)।
- (১০) নিয়োগকারী কর্তৃপক্ষ একজন নন-গেজেটেড কর্মচারীর বিশেষ অসমর্থ ছুটি (বাড়বপরিষদ উরংধনরঘরু খবধাব) ব্যতীত অন্য যে কোন ছুটি মঞ্জুর করতে পারেন (এসআর-২০৬/বিধি-২২১৬, ই-কোড-৩৩)।
- (এ) উপ-ধারা (বি)-এ উল্লেখিত বিষয় ব্যতীত অডিট অফিস হতে ছুটি প্রাপ্যতা সম্পর্কিত রিপোর্ট না পাওয়া পর্যন্ত কোন গেজেটেড অফিসারের ছুটি মঞ্জুর করা যাবে না (বিধি-২২১৮, ই-কোড-৩৩)।
- (১১) যদি একজন গেজেটেড অফিসার এই মর্মে প্রত্যাশন করেন যে, তার প্রার্থীত ছুটি তার ছুটির হিসাবে জমা আছে এবং ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষ যদি ছুটি প্রাপ্যতা সম্পর্কে নিশ্চিত হন, সেক্ষেত্রে অবসর প্রস্তুতি ছুটি অথবা বাধ্যতামূলক অবসর গ্রহণের পরের ছুটি ব্যতীত তাকে ৪ মাসের অধিক নয় এরূপ গড় বেতনের ছুটি বা অর্জিত ছুটি মঞ্জুর করা যেতে পারে অর্থাৎ এক্ষেত্রে ছুটি প্রাপ্যতা সম্পর্কিত অডিট অফিসের রিপোর্টের প্রয়োজন হবে না (এস আর-২০৭)।
- (১২) (এ) একজন গেজেটেড অফিসারের ছুটির হিসাব তার অডিট অফিস কর্তৃক সংরক্ষিত হবে। (খ) একজন নন-গেজেটেড কর্মচারীর ছুটির হিসাব তার অফিস প্রধান কর্তৃক সংরক্ষিত হবে (এসআর-২১৫/বিধি-২২২৫, ই কোড-৩৩)।
- (১৩) বৈদেশিক চাকুরীতে নিয়োজিত একজন সরকারী কর্মচারী ৪ মাসের অধিক নয় এরূপ ছুটি ব্যতীত সকল ছুটির আবেদনপত্র অডিট অফিসের রিপোর্টসহ বৈদেশিক চাকুরীতে নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে ছুটি মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।
- (১৪) যে ক্ষেত্রে কোন সরকারী কর্মচারীর চাকুরীতে যোগদানের যোগ্য হওয়ার সম্ভাবনা নেই। সেক্ষেত্রে মেডিকেল সার্টিফিকেট প্রদান করা হলেই একজন সরকারী কর্মচারী ছুটির অধিকার অর্জন করেন না। উক্ত সার্টিফিকেট ছুটি

মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে এবং উক্ত কর্তৃপক্ষের আদেশের জন্য অপেক্ষা করতে হবে (এসআর-২২৭/বিধি-২২৩৪, ই-কোড-৩৩)।

(১৫) অসদাচরণ অথবা অযোগ্যতার কারণে তাৎক্ষণিকভাবে একজন সরকারী কর্মচারী পদচ্যুত অথবা চাকুরী হতে অপসারণের সম্ভাবনা থাকলে, সেক্ষেত্রে তাকে কোন ছুটি মঞ্জুর করা যাবে না (এসআর-২৩৪/বিধি-২২৩৮, ই-কোড-৩৩)।

(১৫) একজন গেজেটেড অফিসার যে কর্তৃপক্ষের অধীনে চাকুরী করেন ছুটি হতে ফেরৎ আসার পর তার নিকট যোগদানপত্র দাখিল করবেন (এসআর-২৪০/বিধি-২২৪৪, ই-কোড-৩৩)।

(১৬) প্রবেশনার হিসাবে নিয়োজিত না থেকে যদি তিনি বাস্তবভাবে নিয়োজিত থাকতেন, সেক্ষেত্রে বিধি মোতাবেক যে ছুটি প্রাপ্য হতেন সেই পরিমাণ ছুটি একজন প্রবেশনারের ক্ষেত্রে মঞ্জুর করা যাবে। যদি কোন কারণে একজন প্রবেশনারকে চাকুরীচ্যুত করার প্রস্তাব করা হয়, সেক্ষেত্রে মঞ্জুরকৃত অথবা বর্ধিত প্রবেশনারী সময়ের পরে অথবা পদচ্যুতির তারিখের পরে ছুটি মঞ্জুর করা যাবে না (এসআর-২৯, বিএসআর-২৩২(২)(র), বিধি-৭৫২, ই-কোড-৩৩)।

(১৭) একজন শিক্ষানবিসকে নিম্নবর্ণিত ছুটি মঞ্জুর করা যেতে পারে।

(ক) ডাক্তারী সার্টিফিকেটের ভিত্তিতে অর্ধ বেতনে বৎসরে অনূর্ধ্ব এক মাস ছুটি;

(খ) বিধি মোতাবেক বিনা বেতনের ছুটি প্রাপ্য হবে (এস আর-২৯২/বিধি-২৩২(২)(ii) বিএসআর)

ছুটির হিসাব

নিম্নবর্ণিত তথ্যের ভিত্তিতে ১/১/২০১১ তারিখে একজন কর্মচারীর ছুটির হিসাবে কি পরিমাণ ছুটি জমা আছে উহা নির্ণয় করুনঃ-

- ১। যোগদানের তারিখঃ ১/১/২০০১ তারিখ
- ২। তিনি ১/৭/২০০৫ তারিখ হইতে ৪ মাসের গড় বেতনে এবং ২ মাস অর্ধ-গড় বেতনের ছুটি ভোগ করেন।
- ৩। তিনি ১/১/২০০৮ তারিখ হইতে ২ মাসের গড় বেতনে এবং ২ মাস অর্ধ-গড় বেতনের ছুটি ভোগ করেন।

সমাধান

কার্যকাল ও ছুটিকাল	মোট কার্যকাল	গড় বেতনের ছুটি কার্যকালের ১/১১ ভাগ					অর্ধ-গড় বেতনের ছুটি কার্যকালের ১/১২ ভাগ		
		উঃ	মাঃ	দিঃ	বঃ	মাঃ	দিঃ	বঃ	মাঃ
ছুটি অর্জন ১-১-০১ হইতে ৩০-৬-০৫	৪	৬	০	০	৪	২৭	০	৪	১৫
ছুটি ভোগ ১-৭-০৫ হইতে ৩১-১০-০৫)				০	৪	০			
১-১১-০৫ হইতে ৩১-১২-০৫							০	২	০
জের				০	০	২৭	০	২	১৫
ছুটি অর্জন ১-১-০৬ হইতে ৩১-১২-০৭	২	০	০	০	২	৫	০	২	০
মোট				০	৩	২	০	৪	১৫
ছুটি ভোগ ১-১-০৮ হইতে ২৯-২-০৮				০	২	০			
১-৩-০৮ হইতে ৩০-৪-০৮							০	২	০
জের				০	১	২	০	২	১৫
ছুটি অর্জন ১-৫-০৮ হইতে ৩১-১২-১০	২	৮	০	০	২	২৭	০	২	২০
মোট				০	৩	২৯	০	৫	৫

১-১-২০১১ তারিখে তাহার ছুটির হিসাবে গড় বেতনে ৩ মাস ২৯ দিন এবং অর্ধ-গড় বেতনে ৫ মাস ৫ দিন ছুটি জমা আছে।

Lesson Plan

Lesson -8

Ref: 1.1.8

Title : **The Public Employees Dicipline (Punctual Attendance)Ordinance, 1982**

Target population: Officers(Grade 9 and above) of different organizations under MoA.

Time : 1hour

Aims : To teach participants about ‘The Public Employees Dicipline (Punctual Attendance) Ordinance, 1982’ so that hey can exhibit standards of behavior in respect to attendance, punctuality and time management and maintain official discipline.

Learning outcome : After completion of the session the participants will be able to:

- explain different types of offences and investigation procedure; and
- describe different types of offences and penalties under ‘The PublicEmployees Dicipline (Punctual Attendance)Ordinance, 198.

Content	Methods/ Techniques	Resources/ Aids	Time (minute)
Introduction <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning /experiences • Pre-assessment: (Q+A) • Topic: Punctual attendance and Special • Importance: Official discipline/smooth management. • Outline of content 	Lecture/ Discussion/ Q+A		6
Development <ul style="list-style-type: none"> • Penalty for absence from office • Penalty for repeation of the offences • Offences under ‘The Public Servants (Special Provision)Ordinance,1979’ • penalties and Investigation procedure • Appeal and review procedure • Motivation (Energize the group) • Check attention (wrong statement) • Feedback (Q+A). 	Lecture/ Discussion/ Experience sharing/ Q+A		45
Conclusion <ul style="list-style-type: none"> • Assesment of Los • Summerization by using Key Words • Mmotivation (application of learning) • References • Forward planning 	Discussion/ Q+A		9
Equipments and Aids : Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the class room			
Behaviour/Performance	Condition	Criteria	

(গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ৩৪ নং অধ্যাদেশ))

Dr. Abu Sayed Miah

১। সংক্ষিপ্ত শিরোনাম - এই অধ্যাদেশ গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা এই অধ্যাদেশে প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে -

(এ) কর্তৃপক্ষ বলিতে নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এই অধ্যাদেশের আওতায় কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা বা কর্তৃপক্ষ বুঝাইবে;

(বি) গণকর্মচারী বলিতে প্রজাতন্ত্রের বা বিধিবদ্ধ সংস্থার কর্মচারীদের বুঝাইবে। বিশেষণঃ ধারা-২(এ)তে প্রদত্ত ক্ষমতা বলে রাষ্ট্রপতি, যে সকল ক্ষেত্রে রাষ্ট্রপতি নিয়োগকারী কর্তৃপক্ষ, সে সকল কর্মকর্তার ক্ষেত্রে সচিব, অতিরিক্ত সচিব এবং বিভাগীয় প্রধানগণকে এনরুপ কর্মকর্তা বা কর্তৃপক্ষ হিসাবে নির্দিষ্ট করিলেন, যাহারা এই অধ্যাদেশের অধীন কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিবেন। (এস আর ও-১৫৪-আইন/৮৯, তারিখঃ ২১ মে, ১৯৮৯)।

৩। অন্যান্য আইনের উপর প্রাধান্য - গণকর্মচারী সম্পর্কিত অন্য কোন আইন বা বিধিমালা বা রেগুলেশনে অথবা গণকর্মচারীর চাকরীর শর্তাবলীতে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন এই অধ্যাদেশ কার্যকর হইবে।

৪। বিনানুমতিতে কাজে অনুপস্থিতির জন্য দণ্ড - কোন গণকর্মচারী তাহার উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে ছুটিতে গেলে বা নিজে কর্মে অনুপস্থিত থাকিলে কর্তৃপক্ষ প্রতিদিনের অনুপস্থিতির জন্য উক্ত কর্মচারীর একদিনের মূল বেতন কর্তন করিবেন।

৫। বিনানুমতিতে অফিস ত্যাগের জন্য দণ্ড - কোন গণকর্মচারী অফিস চলাকালীন সময়ে তাহার উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে অফিস ত্যাগ করিলে, কর্তৃপক্ষ এনরুপ প্রতি ক্ষেত্রে এক দিনের মূল বেতন কর্তন করিবেন।

ব্যাখ্যা : এই অধ্যাদেশ সম্পর্কে স্মারক নং-এমইডি/পিএস/৮২-১০৩ তারিখ : ১৪ সেপ্টেম্বর, ১৯৮২ এর মাধ্যমে যে নির্বাহী নির্দেশনা জারী করা হয় তার ৫ নং অনুচ্ছেদে বলা হয়েছে - কেহ অফিসে অনুপস্থিত থাকিতে পারিবে না বা পূর্বানুমতি ব্যতিরেকে ছুটি ভোগ করিতে পারিবে না। কেবল অলংঘনীয় কাজ এবং হঠাৎ অসুস্থতা অনুপস্থিতির কারণ বলিয়া গণ্য হইবে। তবে অলংঘনীয় কাজ সাক্ষ্য প্রমাণ দ্বারা এবং হঠাৎ অসুস্থতা অনুমোদিত চিকিৎসকের সার্টিফিকেট দ্বারা প্রমাণিত হইতে হইবে। অভ্যাসগত অপরাধীদেরকে বিভাগীয় কার্যক্রম গ্রহণ পূর্বক গুরু দণ্ড প্রদান করিতে হইবে।

৬। বিলম্বে উপস্থিতির জন্য দণ্ড - কোন গণকর্মচারী অফিসে বিলম্বে হাজির হইলে, কর্তৃপক্ষ প্রতি দুই দিনের বিলম্বে উপস্থিতির জন্য এক দিনের মূল বেতন কর্তন করিবেন।

ব্যাখ্যা : এই অধ্যাদেশ সম্পর্কে স্মারক নং-এমইডি/পিএস/৮২-১০৩ তারিখ : ১৪ সেপ্টেম্বর, ১৯৮২ এর মাধ্যমে যে নির্বাহী নির্দেশনা জারী করা হয় তার ৩ নং অনুচ্ছেদে বলা হয়েছে নির্ধারিত অফিস সময়ের ১ মিনিট বিলম্বে উপস্থিত হইলেও এই অধ্যাদেশের আওতাই দণ্ড প্রদান করা হইবে। যানবাহন না পাওয়া, যানবাহন নষ্ট হওয়া, পাবলিক সার্ভিস ট্রান্সপোর্ট দেরিতে পৌঁছানো, অলংঘনীয় ব্যক্তিগত কাজ, যুক্তি সংগত কারণ হিসাবে গ্রহণযোগ্য হইবে না।

৭। অপরাধের পুনরাবৃত্তির জন্য দণ্ড - কোন গণ কর্মচারী ত্রিশ দিনের ভিতর ৪ বা ৫ বা ৬ ধারায় বর্ণিত অপরাধ এশাধিকবার করিলে, কর্তৃপক্ষ আরও অতিরিক্ত সাত দিনের মূল বেতন কর্তন করিতে পারিবেন।

৮। আবেদন পেশ (Representation) - ৪ বা ৫ বা ৬ বা ৭ ধারার অধীনে কোন গণকর্মচারীর বেতন কর্তনের আদেশ প্রদান করা হইলে, আটচলিশ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট গণকর্মচারী কর্তৃপক্ষের নিকট আবেদন সংশোধনের (জবারংগড়হ)

জন্য আবেদন করিতে পারিবেন এবং তদ্প্রেক্ষিতে কর্তৃপক্ষ যেরূপ যথাযথ বলিয়া বিবেচনা করিবেন, সেরূপ শুনানী গ্রহণান্তে আদেশ সংশোধন, বাতিল বা বহাল রাখিতে পারিবেন।

৯। পাবলিক সার্ভিস কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন নাই - এই অধ্যাদেশের অধীন কোন বিষয়ে পাবলিক সার্ভিস কমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

১০। আদালতের এষতিয়ার খর্ব - এই অধ্যাদেশের অধীন গৃহীত কোন কার্যক্রম বা আদেশ সম্পর্কে কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

ব্যাখ্যা : এই অধ্যাদেশ সম্পর্কে স্মারক নং-এমইডি/পিএস/৮২-১০৩ তারিখ : ১৪ সেপ্টেম্বর, ১৯৮২ এর মাধ্যমে যে নির্বাহী নির্দেশনা জারী করা হয় যেখানে আরও বলা হয়েছে

১। গণ কর্মচারীগণের অফিসে সময়মত উপস্থিতি নি-ত করণে এবং অননুমোদিত অনুপস্থিতি বন্ধ করার লক্ষ্যে প্রধান সামরিক আইন প্রশাসন এই অধ্যাদেশ জারী করনে। অফিসে বিলম্বে উপস্থিতি বা অননুমোদিত অনুপস্থিতি বা পূর্বানুমতি ব্যতিরেকে অফিস ত্যাগের ক্ষেত্রে এই অধ্যাদেশের অধিনে দণ্ড প্রদানের ব্যাপারে কর্তৃপক্ষকে অসাধ ক্ষমতা দেয়া হয়েছে। এখন হইতে সংশিষ্ট অফিস প্রধানগণ তাঁর অধিনস্থ কর্মকর্তা, কর্মচারীদের অফিসে সময়মত উপস্থিতি নি-ত করনে এবং অননুমোদিত অনুপস্থিতির জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন।

২। সকল নিয়োগকারী কর্তৃপক্ষ অনতিবিলম্বে অধ্যাদেশের ২ (এ) ধারায় সংজ্ঞায়িত কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের জন্য ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা নিদ্ধারণ করিবেন। অফিসের আকারের ভিত্তিতে বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীদের জন্য এশাধিক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা নিদ্ধারণ করা যাইবে।

৩। প্রত্যেক অফিসে সাময়িকভাবে অফিস ত্যাগের জন্য এশটি রেজিষ্টার রক্ষণাবেক্ষণ করিতে হইবে। রেজিষ্টারে লিপিবদ্ধ না করিয়া কেউ অফিস ত্যাগ করিতে পারিবে না। উক্ত রেজিষ্টারে কর্মকর্তা/কর্মচারীর নাম, অফিস ত্যাগের কারণ, অফিস ত্যাগের সময়, এবং অফিসে প্রত্যাবর্তনের সময় লিপিবদ্ধ করিতে হইবে।

৪। সংশিষ্ট কর্মচারীর মাসিক বিল হইতে দন্ডের অর্থ কর্তন পূর্বক আদায় করিতে হইবে। উক্ত কর্মচারী নিজের বিল নিজে উত্তোলনকারী হইলে তাহাকে বেতন বিল হইতে দন্ডের অর্থ কর্তন করার নির্দেশ দিতে হইবে এবং নির্দেশের কপি নিরীক্ষা অফিসে প্রেরণ করিতে হইবে। উক্ত কর্মচারী বেতন বিল হইতে দন্ডের অর্থ কর্তন না করিলে নিরীক্ষা অফিস কর্তন পূর্বক বিল পাস করিবেন।

৫। অধ্যাদেশের ৮ ধারার অধিনে আবেদনের ভিত্তিতে শুনানির ক্ষেত্রে কেবল সাক্ষ্যের সংক্ষিপ্ত সার, প্রাপ্ত তথ্যাদি এবং সিদ্ধান্ত লিপিবদ্ধ করার প্রয়োজন হইবে।

Lesson Plan

Lesson -9

Ref: 1.1.9

- Title** : **The Public Servants (Special Provision) Ordinance, 1979**
- Target population:** Officers (Grade 9 and above) of different organizations under MoA.
- Time** : 1 hour
- Aims** : To teach participants about 'The Public Servants (Special Provision) Ordinance, 1979', so that they can exhibit standards of behavior in respect to Special Provision and maintain official discipline.
- Learning outcome** : After completion of the session the participants will be able to:
- explain different types of offences and investigation procedure; and
 - describe different types of offences and penalties under 'The Public Servants (Special Provision) Ordinance, 1979'

Content	Methods/ Techniques	Resources/ Aids	Time (minute)
Introduction <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning /experiences • Pre-assessment: (Q+A) • Topic: Public Servants Special Provision • Importance: Official discipline/smooth management. • Outline of content 	Lecture/ Discussion/ Q+A		6
Development <ul style="list-style-type: none"> • Offences under 'The Public Servants (Special Provision) Ordinance, 1979' • penalties and Investigation procedure • Appeal and review procedure • Motivation (Energize the group) • Check attention (wrong statement) • Feedback (Q+A). 	Lecture/ Discussion/ Experience sharing/ Q+A		45
Conclusion <ul style="list-style-type: none"> • Assessment of Los • Summarization by using Key Words • Motivation (application of learning) • References • Forward planning 	Discussion/ Q+A		9
Equipments and Aids : Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the class room			
Behaviour/Performance	Condition	Criteria	

সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯
(১৯৭৯ সনের ১১ নং অধ্যাদেশ)

- ১। সংক্ষিপ্ত শিরোনাম- এই অধ্যাদেশ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ নামে অভিহিত হইবে।
- ২। অন্যান্য আইনের উপর প্রাধান্য - সরকারী কর্মচারী অথবা সরকারী কর্মচারীর শর্তাবলী সম্পর্কিত অন্যান্য আইন, বিধিমালা বা রেগুলেশনে যাহা কিছুই বর্ণিত থাকুক না কেন, এই অধ্যাদেশ কার্যকর হইবে।
- ৩। অপরাধ - কোন সরকারী কর্মচারী নিম্নোক্ত কারণে অপরাধী হইলে তিনি ৪ ধারায় বর্ণিত যে কোন দণ্ডে দণ্ডিত হইবেন - যখন কোন সরকারী কর্মচারী
- (এ) এমন কোন কার্যে লিপ্ত হয়, যাহার কারণে অন্য যে কোন সরকারী কর্মচারীদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয় বা শৃঙ্খলা বিঘ্নিত হয় বা অন্যান্য কর্মচারীদের কর্তব্য পালনে বাধার সৃষ্টি হয়; অথবা
 - (বি) অন্যদের সহিত সংযুক্ত ভাবেই হোক বা নাই হোক, ছুটি ব্যতীত বা কোন যুক্তিসংগত কারণ ব্যতীত নিজে কর্ম হইতে অনুপস্থিত থাকে বা অন্যভাবে বিরত থাকে বা নিজে কর্তব্য সম্পাদনে ব্যর্থ হয়; অথবা
 - (সি) অন্য যে কোন সরকারী কর্মচারীকে তাহার কর্ম হইতে অনুপস্থিত থাকিতে, বা বিরত থাকিতে বা তাহার কর্তব্য পালন না করার নিমিত্তে প্ররোচিত বা অন্য কোন ভাবে নিবৃত্ত করে; অথবা
 - (ডি) যে কোন সরকারী কর্মচারীকে কর্মে উপস্থিত হইতে বা কর্তব্য সম্পাদনে বাধা প্রদান করে।
- ৪। দণ্ডসমূহ - এই অধ্যাদেশের অধীনে নিম্নোক্ত প্রকারের দণ্ড আরোপ করা যাইবে।
- (এ) চাকরী হইতে বরখাস্ত (Dismissal from Service)।;
 - (বি) চাকরী হইতে অব্যাহতি (Discharge from Service)।;
 - (সি) পদ বা বেতন হ্রাস (Reduction in Rank or Pay)।
- ৫। তদন্ত পদ্ধতি ও শাস্তি -
- (১) যখন কোন সরকারী কর্মচারীর বিরুদ্ধে ৩ ধারায় বর্ণিত যে কোন অপরাধের জন্য কোন কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়, তখন নিয়োগকারী কর্তৃপক্ষ বা তৎকর্তৃক সাধারণ বা বিশেষ আদেশে কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি অভিযোগ গঠন করিবেন এবং অভিযোগনামাসহ প্রদত্ত নোটিশের মাধ্যমের অভিযুক্ত সরকারী কর্মচারীকে নোটিশ জারীর ন্যূনপক্ষে ২ দিন বা সর্বাধিক ৫ দিনের মধ্যে কেন তাঁকে এই অধ্যাদেশের আওতায় শাস্তি প্রদান করা হইবে না - এই মর্মে কারণ দর্শাইবার জন্য বলিবেন এবং তিনি ব্যক্তিগত শুনানী চান কিনা তাও বিবৃত করার নির্দেশ দিবেন। ১ম কারণ দর্শানোর নোটিশ।
- ব্যাখ্যা : নোটিশ জারীর তারিখ হইতে ২ দিনের কম নয় এবং ৫ দিনের বেশি নয় বলতে বুঝানো হয়েছে নোটিশ প্রাপ্তির ২ দিনের/৩ দিনের/৪ দিনের/৫ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে।
- (২) অভিযুক্ত সরকারী কর্মচারীকে কারণ দর্শাইলে তাহা বিবেচনার পর এবং এই উদ্দেশ্যে ব্যক্তিগত শুনানীতে হাজির হইলে শুনানী গ্রহণের পর যদি নিয়োগকারী কর্তৃপক্ষ বা অভিযোগ গানকারী অভিযুক্তকে অভিযোগে দোষী সাব্যস্ত করেন, অথবা যদি নির্ধারিত সময়ের মধ্যে কারণ না দর্শাইয়া থাকে, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ বা অভিযোগ গানকারী নোটিশের মাধ্যমে নোটিশে বর্ণিত প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হইবে না, নোটিশ জারীর ৩ দিনের মধ্যে উহার কারণ দর্শাইতে বলিবেন। ২য় কারণ দর্শানোর নোটিশ।
- (৩) উপধারা (২) এর অধীনে প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে কারণ দর্শাইলে উহা বিবেচনার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে কারণ না দর্শাইলে নিয়োগকারী কর্তৃপক্ষ উপধারা (২) এর অধীনে প্রদত্ত নোটিশে উল্লেখিত দণ্ড অভিযুক্তের উপর আরোপ করিতে পারিবেন।

(৪) যদি অভিযুক্তের নিকট এই ধারায় নোটিশ বিলি করা হয় কিংবা তার সর্বশেষ জ্ঞাত বাসস্থানের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে লটকাইয়া রাখা হয় অথবা কর্তৃপক্ষ ন্যূনপক্ষে ২টি দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়, তাহা হইলে এই ধারা অনুসারে নোটিশ বৈধভাবে জারী করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৬। আপীল - (১) যে কর্মচারীর উপর এই অধ্যাদেশের অধীনে দন্ড আরোপ করা হইয়াছে, তিনি দন্ড আরোপের আদেশ প্রাপ্তির ৭ দিনের মধ্যে আদেশের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন এবং আপীল কর্তৃপক্ষ আপীলের উপর যেইরূপ যুক্তিযুক্ত মনে করিবেন, সেইরূপ আদেশ প্রদান করিবেন।

রিভিউ - (২) যেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি, সেইক্ষেত্রে যে সরকারী কর্মচারীর উপর এই অধ্যাদেশের অধীনে দন্ড আরোপ করা হইয়াছে, তিনি দন্ড আরোপের আদেশ প্রাপ্তির ত্রিশ কার্যদিবসের মধ্যে আদেশ পুনঃবিবেচনার জন্য (Review) রাষ্ট্রপতির নিকট আবেদন করিতে পারিবেন এবং আবেদনের উপর রাষ্ট্রপতি যেইরূপ যুক্তিযুক্ত মনে করিবেন, সেইরূপ আদেশ প্রদান করিবেন।

(৩) উপধারা ১ এর অধীনে আপীলে প্রদত্ত আদেশ বা উপধারা ২ এর অধীনে আবেদনের (রিভিউ) উপর প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। আদালতের আশ্রয় গ্রহণ নিষিদ্ধ - এই অধ্যাদেশের যে কোন বিধানের আওতায় গৃহীত কোন কার্যক্রম বা আদেশের বিরুদ্ধে কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

Lesson Plan

Lesson: 5

Ref : 1.1.11

Title : Office manner , etiquette & Protocol
Target population: Officers (Grade 9 and above) of different organizations under MoA.
Time : 1hour
Aims : To discuss about office manner , etiquette & protocol so that the participants can maintain and express appropriate behavior in their respective working place.

Learning outcomes: At the end of the session the participants will be able to:

- define etiquette and manner;
- distinguish between etiquette and manner; and
- explain dress code, table manner, telephone manner, washroom manner, manner toward women and meeting manner etc.
- mention Protocol

Content	Methods/ Techniques	Aids/ Resources	Time (Minutes)
Introduction <ul style="list-style-type: none"> • Ice breaking: greetings • Linkage with previous learning /experiences • Pre-assessment: (Q+A) • Manner and etiquette • Importance: identify civilization of a person • Outline of content 	Lecture/ Discussion/ Q+A		6
Development <ul style="list-style-type: none"> • Different types of manner • Difference between Manner and etiquette • Illustration of different types of manner • Motivation (Energize the group) • Maintain various types of codes in and outside Office • Check attention (wrong statement) • Feedback (Q+A). 	Lecture/ Discussion/ Q+A		45
Conclusion <ul style="list-style-type: none"> • Assesment of Los • Summerize by using Key Words • Mmotivation (application of learning) • References • Forward planning 	Discussion/ Q+A		9
Equipments and Aids: Multimedia, White board, Marker, Pointer, Duster etc. should be available in the classroom			
Behaviour/Performance	Condition	Criteria	

Office Manner and Etiquette

Md. Eskander Hossain

MANNER

Definition:

- I) A way of doing something or the way in which a thing is done or happens.
II) A person's outward being or way of behaving towards others

Manner reflects ones

- Family background
- Education
- Home Environment
- Common sense
- Moreover Human quality.

Etiquette:

- The customary code of polite behavior in a society or among members of a particular profession or group.

Manner

- Dress code
- Manners in table
- Telephone manners
- Manners in washroom
- Manners in office
- Manners towards women
- Manners in meeting

১। **DRESS CODE** : একজন সরকারী কর্মচারীর মার্জিত এবং রুচিসম্মত পোষাক পরিচ্ছদের পেশাগত এবং বাণিজ্যিক মূল্য ছাড়াও যথেষ্ট সামাজিক মূল্য রয়েছে। একজন ব্যক্তির আত্মবিশ্বাস বাড়িয়ে তুলে।

পোষাক পরিচ্ছদের ব্যাপারে প্রধান বিবেচ্য বিষয় :

- পরিষ্কার পরিচ্ছন্ন এবং মার্জিত লাগে এমন পোষাক হতে হবে।
- ভালো দরজী দ্বারা তা প্রস্তুত করতে হবে।
- পোষাক পরিচ্ছদ কিভাবে ধারণ করতে হয় তা জানতে হবে।
- পোষাক পরিচ্ছদের যত্ন ও সংরক্ষণ করার পদ্ধতি জানতে হবে।

পোশাক পরিচ্ছদ ধারণ পদ্ধতি :

ক) শার্ট :

- শার্টের রং নির্বাচনে মূল জিনিস হচ্ছে মার্জিত অথচ সুন্দর। সাদা রংই হচ্ছে সবচেয়ে মানানসই। যদি রঙ্গিন পরতে চান তবে হালকা রং পছন্দ করা উচিত। স্ট্রাইপ শার্ট ব্যবহার করা যায়। তবে বড় চেক শার্ট ও কড়া রঙের প্রিন্টের শার্ট বর্জনীয়।
- সাধারণভাবে পরিধানের জন্য নীচ দিক উল্টানো কলারই সবচেয়ে ভাল। কলার গম্বীবার সংগে ঠিকমত বাঁধা থাকবে এবং কলারের পরিসর এমন হতে হবে যাতে কোটের কলারের উপর ১/২ হতে ৩/৪ ইঞ্চি পর্যন্ত বেরিয়ে

থাকে। কলারের কান দুটো যেন খুব বেশী চরড়া না হয় এবং বেশী আঁটসাঁট না হয় এবং কলারের প্রান্ত যাতে বুকের উপর সমতলভাবে পড়ে থাকে।

- শার্ট কেনা বা বানানোর সময় গলার মাপ এর সাথে ছবছ মিলিয়ে কেনা গুরুত্বপূর্ণ।
- 'রেগুলার ফিট' শার্ট পরিধান করুন।

খ) প্যান্ট :

- প্যান্ট এর কাটিং স্বাভাবিক হওয়া বাঞ্ছনীয় (বেশী ঢোলা বা বেশী সরু নয়)।
- জিনস্ প্যান্ট পরে অফিস করা উচিত নয়। একমাত্র ড্রেস প্যান্ট অফিস উপযোগী।
- (ইফনিফরম :- ইফনিফরমধারী কর্মচারী হলে, ইফনিফরম পরিধান বাধ্যতামূলক)।

গ) অফিসিয়াল স্যুট :

- অফিসিয়াল স্যুট 'dark Solid Colour or Pinstripe' হওয়া বাঞ্ছনীয়। বিশেষ করে নেভী ব্লু, গাঢ় বাদামী, ধূসর অথবা 'ঢ়ারকোল' রং হলে ভালো।
- প্যান্ট এর নিচে বেশী ঢোলা বা বেশী সরু না হয়ে জুতার পেছনের হিল এর নীচ পর্যন্ত লম্বা হওয়া বাঞ্ছনীয়।
- রেজার বা কোট এর সাথে Contrast প্যান্ট পরা যায়।

ঘ) টাই এবং রুমালঃ

- টাই এর 'নট' সঠিকভাবে বাঁধা থাকতে হবে। শার্ট এর কলার এর বোতাম বন্ধ অবস্থায় যেভাবে তা গলায় লাগসইভাবে লাগানো থাকে টাই বাঁধা যেন তার সাথে সামঞ্জস্যপূর্ণ হয়।
- কোটের বুক পকেটে রুমালের প্রদর্শন যেন দৃষ্টিকটু না হয় অর্থাৎ তা যেন বুলে না থাকে।
- টাই প্রস্থে মাঝারী মাপ হবে হবে; অতি সরু বা অতি মোটা যেন না হয়। ম্যাচিং জ্ঞান গুরুত্বপূর্ণ।

ঙ) জুতা :

- জুতা পায়ের সংগে সুন্দরভাবে খাপ খেতে হবে।
- জুতার ফিতা থাকলে তা ঠিকমত বাঁধতে হবে। লোফার সদৃশ জুতাও ব্যবহার করা যায়।
- জুতা সব সময় পরিষ্কার থাকতে হবে। জুতার উপরিভাগ সেলাই করে পরা বর্জনীয়।
- জুতার রং মূলতঃ কালো; বাদামী রং হলেও চলে।
- স্পিয়ার ধরণের স্যান্ডেল ব্যবহার বর্জনীয়।
- স্যান্ডেল সু পড়া যেতে পারে। কারুকাজ করা স্যান্ডেল পরিত্যাজ্য।
- নামাজের সময় ছাড়া অফিসে স্পিয়ার পরে থাকা বর্জনীয়।
- মহিলারা অফিসে হাই হিল ব্যবহার করবেন না।

প) মোজা :

- অফিসিয়াল মোজা 'Calf high' হতে হবে।
- আনুষ্ঠানিক পরিধানের জন্য অবশ্যই কালো রংয়ের রেশমী বা নাইলনের মোজা পরতে হবে।

জ) প্রসাধনী :

- কোন কড়া সুগন্ধী ব্যবহার করে বাইরে যাবেন না।
- সাধারণভাবে পাউডার পরিত্যাজ্য। মুখে, ঘাড় বা কানে এমনভাবে পাউডার লাগানো উচিত যাতে পাউডারের কোন চিহ্ন না থাকে।
- 'রোল অন' ব্যবহার উত্তম।
- মাউথ ফ্রেশনার ব্যবহার করা যায়।

মধ্যাহ্নভোজের পোশাক :

- হালকা রঙের হাফ শার্ট, গাঢ় রঙের প্যান্ট/খাকী রঙের প্যান্ট, সাফারী বা হালকা পোশাক পরা যায়। স্যুটের বেলায়ও হালকা রং অগ্রাধিকার পেতে পারে।
- পাজামা-পাঞ্জাবী হলে স্যান্ডেল সু পরিধেয়।


নৈশভোজের পোষাক :

- গাঢ় রঙের কালো স্যুট, কালো জুতা/মোজা অথবা গাঢ় রঙের জামা পড়া যায়।

2| TABLE MANNER

কয়েকটি সাধারণ বিষয়-

- কখনও মুখে খাবার নিয়ে কথা বলতে নেই অথবা যার মুখে খাবার আছে এমন কোন অতিথিকে সম্বোধন করাও উচিত নয়।
- মুখে খাবার নিয়ে ঠোট বন্ধ করে খেতে হবে। মুখে খাবার দেবার সময় ৫৪ভরপ করা বিশী দেখায়। খাবার সময় হাড় চিবানো যাবে না বা কোন কিছু চুষে খেলে শব্দ করা যাবে না।
- যতটা খেতে পারবেন ঠিক ততোটা খাদ্য পেটে নেয়া উচিত। বেশী নিয়ে নষ্ট করা নির্বোধের কাজ।
- খাবার টেবিলের চেশুর তোলা বা হাই তোলা শোভনীয় নয়।
- আপুল চুষে খাওয়া পরিতাজ্য।
- বাসন , চামচ ইত্যাদীর শব্দ পরিহার করুন।
- টেবিলের উপর কনুই ভর দিয়ে বসা ঠিক নয়।
- আপ্যায়ক বা আপ্যায়িকা খেতে শুরু করার পর অতিথির খাওয়া শুরু করা উচিত টেবিলে ঠেস দিয়ে বা নুয়ে না বসে সোজা হয়ে বসা উচিত। খাওয়ার সময় ছাড়া বাকী সময় পুরো বাছ কোলের উপর রেখে বসা নিয়ম।
- টেবিলে বসে মৃদু ও মার্জিত স্বরে কথা বলা উচিত।
- খাবার মুখের কাছে নিন- মুখ খাবারের কাছে নয়।
- মোবাইল ফোন বা অন্য কোন ব্যক্তিগত জিনিস খাবার টেবিলে রাখবেন না এবং টেবিলে বসে মোবাইলে কথা বলবেন না।
- টেবিলে নিজের জায়গা করার জন্য অন্যের থালা বাসন ঠেলে দেয়া কিংবা এক জায়গায় জড় করে রাখাও অন্যায়।
- টেবিলে বসা অবস্থায় হাঁচি বা কাঁশি দিতে হলে অতিথিদের থেকে দূরে এক পাশে মাথা ঘুরিয়ে নিয়ে একটু নীচু করে রুমাল বা ফেসিয়াল টিসু দিয়ে মুখ নাক ঢেকে তা করতে হবে।
- টেবিলে বসে ন্যাপকিনটি কোলের উপর বিছিয়ে নিন (আপ্যায়ক এর পর)।
- টেবিল ন্যাপকিনটি রুমাল হিসাবে ব্যবহার করা যাবে না। এঁা শুধু খাওয়ার আগে ও পরে মুখ মোছার জন্য ব্যবহার করতে হবে।
- খাবার টেবিল ত্যাগ করার সময় ভাঁজখোলা ন্যাপকিন আপনার পেটের বাম পাশে রাখতে হবে। অন্তরবর্তীকালে চেয়ারের উপর রাখুন।
- অতিথির বাম দিক থেকে খাদ্য/ডিশ পরিবেশন করা হয় এবং ডান দিক হতে ফেরত নেয়া হয়। পানীয় পরিবেশন করা হয় ডান দিক থেকে।
- আনুষ্ঠানিক কোন নৈশভোজে দ্বিতীয়বার খাবার পরিবেশনের জন্য পেট এগিয়ে দেবার সময় যেন অবশ্যই ছুরি এবং কাঁটা পেটের ডান দিকে থাকে।
- খাবার শেষ করার পর ছুরি ও কাঁটা চামচ পরস্পর সমান্তরালে পেটের উপর ঘড়ির ১০টা-৪টা অবস্থানের মতো রাখা নিয়ম। ছুরির ধারালো অংশ ভিতর দিকে থাকবে।
- ছুরি বা চামচ এবং কাঁটা চামচ পেটের উপর ‘পূরণ’ চিহ্নের আকারে রাখলে ‘ষাবারে সাময়িক বিরতি এবং পুনরায় ফিরে আসছি’ বোঝায়।
- ছুরির ব্যবহার শেষ হয়ে গেলে এর ধারাল দিকে মুখ করে পেটের উপরের অংশে রাখতে হবে। একইভাবে মাখন কাটার ছুরিও মাখনের পেটে রাখতে হবে।
- চা অথবা কফির কাপে চামচ দেয়া হলে তা পিরিচের উপর ডান পাশে রাখতে হবে, কখনও টেবিল ক্লথের উপর রাখা যাবে না।
- টেবিলের উপর কোন ছাইদানি না থাকলে ধূমপান করা যাবে না।
- সকলের সামনে দাঁত খিলানো অশোভন দেখায়। তেমনি জিব দিয়ে দাঁত পরিষ্কার করার চেষ্টা করাও একটা বদঅভ্যাস। খিলানোর দরকার হলে মুখের সামনে রুমাল ধরে মুখ একপাশে সরিয়ে খিলান করা যেতে পারে।
- দেশীয় অনুষ্ঠানে আগেই হাত ধুয়ে টেবিলে বসুন।
- হুড়োহুড়ি করে খাবার পেটে নিবেন না। খাবার নেবার সময় আশে-পাশের প্রান্তির দিকেও খেয়াল রাখুন।
- হুট করে খাওয়া শুরু করবেনা, আপ্যায়ক/সিনিয়রদের দিকে খেয়াল রাখুন।
- যেখানে-সেখানে কাঁটা/ঝুটা ফেলবেন না।
- খাওয়া শেষ হলে হুট করে উঠবেন না, অন্যদের জন্য/সিনিয়রদের জন্য অপেক্ষা করুন।
- পানের পিক ফেলা নিষেধ।



দাপ্তরিক আপ্যায়ণ :

- পানি পরিবেশনকালে গ্লাসের বাইরে যাতে পানি বা পানির বিন্দু লেগে না থাকে। সম্ভব হলে পিরিচে করে গাস দিয়ে পানি দিন। পিরিচে যেন পানির অবশিষ্টাংশ না থাকে। সম্ভব হলে টেবিল ন্যাপকিন দিয়ে গাসে পানি দেয়া যায়। গ্লাস যেন স্বচ্ছ হয়।
- চায়ের কাপের বাইরে অংশে এবং পিরিচে কোনভাবেই যেন চায়ের বিন্দু বা চা লেগে না থাকে। চা ও চিনি আলাদা দেয়া উত্তম।
- কাপে চুমুক দিয়ে চা পান নিয়ম। পিরিচে ঢেলে নয়।
- টেবিল টিস্যু ও ফেসিয়াল টিস্যু এক জিনিস নয়।

3| MANNERS IN TALKING:

- ব্যবহার মানুষের উচ্চমর্যাদা/বংশের পরিচায়ক।
- দেখা হলে সম্ভাষণ বা সৌজন্য বিনিময় জরুরী।
- অপরিচিত ব্যক্তিদের সাথে পরিচয় হলে কিছু সৌজন্যমূলক কথাবার্তা বলা আবশ্যিক। অন্ততঃ পক্ষে বডি ল্যাংগুয়েজের মাধ্যমে আন্তরিকতার প্রকাশ ঘাঁন।
- চোখে চোখ রেখে কথা বলা রীতি।
- সেবা গম্ভীরতার প্রতি প্রতিশ্বেদ্রেই আন্তরিক হওয়া প্রয়োজন। ‘ধাপনাকে কিভাবে সাহায্য করতে পারি?’ ‘ধামি আপনার কি কাজে লাগতে পারি?’ ‘ধাপনার কি জরুরী কিছু আছে?’- ইত্যাদি বাক্য ব্যবহার করা যায়। সেবা প্রদানে জটিলতা বা দেবী হলে অবশ্যই বুঝিয়ে বলতে হবে, অন্ততঃ প্রতিপক্ষ যেন বুঝতে পারে যে আপনি আন্তরিক।
- কথা বলার সময় মুখের দুর্গন্ধ বা অন্য কোন ধরনের বদ অভ্যাসের প্রতি নজর রাখুন।
- কর্মস্থলে সকলের সাথে সদভাব আপনার কল্যাণ বয়ে আনবে। অতিমাত্রায় ঘনিষ্ঠতা বর্জনীয়।
- কারো প্রতি খোলাখুলিভাবে আপনার অপছন্দ বা ঘৃণা প্রকাশ বা পরনিন্দা বা হামবড়া ভাব বা নাক সিটকানো ইত্যাদি আপনার নিজের জন্যই ক্ষতিকর।
- তোতলানো, দ্রুত কথা বলা বা জোরে কথা বলা বর্জনীয়।

- রাজনীতি বা রাজনৈতিক আলাপ ‘ধাচরন বিধি’ পরিপন্থি।
